বেলাইপুর যৌথ বন ব্যবস্থাপনা কমিটি

হাইলাকান্দি বন বিভাগ

এসএসি বন চক্র

ক্ষুদ্র পরিকল্পনা

(২০১৬-১৭ থেকে ২০২৫-২৬ পর্যন্ত)

প্রস্তুতকর্তা

বেলাইপুর যৌথ বন ব্যবস্থাপনা কমিটি (JFMC)

সহায়কারী

অসম বন বিভাগ

আর

ক্ষুদ্র পরিকল্পনা এবং জীবিকার সুযোগ বৃদ্ধির জন্য গঠিত মহাজোট (কম্পেল', COMPELO)

[আই আই ই (IIE), আর জি ভি এন (RGVN) আর সি এম এল (CML)]

Approved

DIVISIONAL FOREST OFFICER
Hailakandi Division
Hailakandi

জুলাই, ২০১৬

সংক্ষিপ্ত নাম তালিকা

সংক্ষিপ্ত নাম	সম্পূর্ণ নাম
এ সি এফ (ACF)	সহকারী বন সংরক্ষক (অ্যাসিস্ট্যাণ্ট কনজারভেটর অব্ ফরেস্ট)
এ এফ ডি (AFD)	এজেন্স ফ্রান্স ডেভেলপমেণ্ট
এ পি এফ বি চি (APFBC)	বন ও জৈব বৈচিত্র্য সংরক্ষণ বিষয়ক অসম প্রকল্প (আসাম প্রজেক্ট অন ফরেস্ট অ্যাণ্ড বায়োডাইভার্সিটি কনজারভেশন)
এ পি এল (APL)	দারিদ্র্য সীমারেখার ঊর্ধ্বে (এব'ভ পভার্টি লাইন)
বি পি এল (BPL)	দারিদ্র্য সীমারেখার নিচে (বিলো পভার্টি লাইন)
সি সি এফ (CCF)	মুখ্য বন সংরক্ষক (সিফ কনজারভেটর অব্ ফরেস্ট)
সি এফ (CF)	বন সংরক্ষক (কনজারভেটর অব্ ফরেস্ট)
সি এম এল (CML)	সেণ্টার ফর মাইক্রো ফিন্যান্স অ্যাণ্ড লাইভলিহুড
কম্পেলো (COMPELO)	ক্ষুদ্র পরিকল্পনা এবং জীবিকার সুযোগ বৃদ্ধির জন্য গঠিত মহাজোট (কনসাল্টিং সার্ভিস ফর মাইক্রোপ্ল্যানিং এনহ্যানসিং লাইভলিহুড অপর্চুনিটিজ)
ডি সি এফ (DCF)	উপ-বন সংরক্ষক (ডেপুটি কনজারভেটর অব্ ফরেস্ট)
ডি এফ ও (DFO)	মাণ্ডলিক বন অধিকারিক (ডিভিশনাল ফরেস্ট অফিসার)
ই ডি সি (EDC)	পরিবেশ-উন্নয়ন কমিটি (ইকো-ডেভেলপমেণ্ট কমিটি)
ই পি এ (EPA)	প্রারম্ভিক কার্মসূচি (এণ্ট্রি পয়েণ্ট অ্যাক্টিভিটি)
এফ সি এ (FCA)	বন সংরক্ষণ আইন, ১৯৮১ (ফরেস্ট কনজারভেশন অ্যাক্ট, ১৯৮১)
এফ ডি (FD)	বন বিভাগ (ফরেস্ট ডিপার্টমেণ্ট)
এফ আর এ (FRA)	বন অধিকার আইন (ফরেস্ট রাইট্স অ্যাক্ট)
এফ ভি (FV)	বনাঞ্চল গ্রাম (ফরেস্ট ভিলেজ)
এফ ওয়াই পি (FYP)	পঞ্চ বার্ষিক পরিকল্পনা (ফাইভ ইয়ারছ প্ল্যান)
জি এইচ জি (GHG)	গ্রিন হাউস গ্যাস
জি ও আই (GoI)	ভারত সরকার (গভর্ণমেণ্ট অব্ ইণ্ডিয়া)
জি পি (GP)	গ্রাম পঞ্চায়েত
এইচ এ (Ha)	হেক্টর
আই ই সি (IEC)	তথ্য শিক্ষা ও যোগাযোগ (ইনফরমেশন এডুকেশন অ্যাণ্ড কমিউনিকেশন)

আই আই ই (IIE)	ভারতীয় উদ্যমিতা প্রতিষ্ঠান (ইণ্ডিয়ান ইনস্টিটিউট অব্ এণ্টারপ্রেনিয়ারশিপ)
জে এফ এম সি (JFMC)	যৌথ বন ব্যবস্থাপনা কমিটি (জয়েণ্ট ফরেস্ট ম্যানেজমেণ্ট কমিটি)
এম ডি আর (MDR)	প্রধান প্রধান জেলাপথসমূহ (মেজর ডিস্ট্রিক্ট রোডস)
এম জি এন আর ই জি এস (MGNREGS)	মহাত্মা গান্ধী রাষ্ট্রীয় গ্রামীণ নিয়োগ নিশ্চয়তা স্কিম (মহাত্মা গান্ধী ন্যাশনাল রুরাল এমপ্লয়মেণ্ট গ্যারাণ্টি স্কিম)
এম ও ই এফ সি সি (MoEFCC)	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক (মিনিস্ট্রি অব্ এনভায়রনমেণ্ট, ফরেস্ট অ্যাণ্ড ক্লাইমেট চেঞ্জ)
এন টি এফ পি (NTFP)	কাঠ ভিন্ন বনজ উৎপাদন (নন টিম্বার ফরেস্ট প্রডিউস)
ও বি চি (OBC)	অন্যান্য অনগ্রসর শ্রেণী (আদার ব্যাকওয়ার্ড ক্লাসেস)
ও ডি আর (ODR)	অন্যান্য জেলা পথসমূহ (আদার ডিস্ট্রিক্ট রোড্স)
পি সি সি এফ (PCCF)	প্রধান মুখ্য বন সংরক্ষক (প্রিন্সিপাল চিফ কনজারভেটর অব্ ফরেস্ট)
পি এইচ সি (PHC)	প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র (প্রাইমারি হেল্থ সেণ্টার)
পি এম ইউ (PMU)	প্রকল্প পর্যবেক্ষণ ইউনিট (প্রজেক্ট মনিটারিং ইউনিট)
পি আর এ (PRA)	অংশগ্রহণমূলক গ্রামীণ মূল্যায়ন (পার্টিসিপেটারি রুরাল অ্যাপ্রাইজাল)
আর ই ডি ডি + (REDD+)	রিডিউসিং এমিশন ফ্রম ডি-ফরেস্টশন অ্যাণ্ড ফরেস্ট ডিগ্রেডেশন প্লাস
আর জি ভি এন (RGVN)	রাষ্ট্রীয় গ্রামীণ বিকাশ নিধি
আর ও (RO)	রেঞ্জ অধিকারিক (রেঞ্জ অফিসার)
এস সি (SC)	তফশিলি জাতি (শিডিউল কাস্ট)
এস ডি জি (SDG)	বহনক্ষম উন্নয়ন লক্ষ্য (সাসটেইনেবল ডেভেলপমেণ্ট গোল্স)
এস এল এফ (SLF)	বহনক্ষম জীবিকা কার্যসূচি (সাসটেইনেবল লাইভলিহুড ফ্রেমওয়ার্ক)
এস পি পি (Spp)	স্পেসিস
এস টি (ST)	তফশিলি উপজাতি (শিডিউল ট্রাইব)
এছ ডব্লিউ ও টি (SWOT)	সবলতা, দুর্বলতা, সুবিধা এবং শংকা (স্ট্রেংথ্, উইকনেস, অপর্চুনিটি অ্যাণ্ড থ্রেট)
টি ভি (TV)	টাউন্স্যা গ্রাম (টাউন্স্যা ভিলেজ)
টি ভি (TV)	টেলিভিশন
ডব্লিউ এল এস (WLS)	বন্যপ্রাণী নিবাস (ওয়াইল্ড লাইফ স্যাংচুয়ারি)
ডব্লিউ পি এ (WPA)	বন্যপ্রাণী (সংরক্ষণ) আইন, ১৯৭২ (ওয়াইল্ডলাইফ (প্রটেকশন) অ্যাক্ট- ১৯৭২)
ডব্লিউ পি সি (WPC)	কর্মসূচী চক্র (ওয়ার্কিং প্ল্যান সার্কেল)

গাছপালা, গুল্মজাতীয় উদ্ভিদ, ভেষজ উদ্ভিদ ও অন্যান্য উদ্ভিদের দেশীয় নামের শব্দকোষ

ক্রমিক নং	দেশীয় নাম	বৈজ্ঞানিক নাম
১	আওয়াল	ভিটেক্স এসপিপি
২	বাদাম	স্টাকুলিয়ালাটা
৩	বয়রা	টার্মিনালিসবেলেরিকা
৪	ভাতকুর	ভিটেক্সহেটেরোফাইলা
৫	ভোলা	মনস লেক্রিগাটা
৬	ভুবি	বাকাউরিওসাপিদার
৭	ভুরি	ট্রেউইয়ানুডিফ্লোরা
৮	বান্দর ফেলা	ডিসক্সিলামবাইনেক্টিফেরাম
৯	বান্দর লাঠি	লাসিয়া ফিসতুলা
১০	বন শিমুল	বামবক্সিনসিগনক
১১	বরুণ	ক্রাটায়েরেয়ারলিগিওসা
১২	বেল্লা	সাপিয়ামবাকাটাম
১৩	ভদ্রুক	ভিটেক্সপুবেসকনস
১৪	কালিগডা	বামবুসাভালগারস
১৬	করাইল	ডেনড্রাকালামাসট্রিকটাস
১৭	খাং	ডেনড্রকেলামাসলঙ্গিসপাথাস
১৮	স্প্রিং ভাচ	ভসিয়াসাটিভা
১৯	সান হেম্প	ক্রুলাটারিয়াজানসিয়া
২০	আঞ্চু প্লান্ট	মরিংডাঙ্গুসটিফলিয়া
২১	মাদার প্লান্ট	ক্যালোট্রপিস জায়গাটিয়ান
২২	আকাহুলতা	ট্রাচেলসপার্মামফ্রাগরান্স
২৩	আতালারি প্লান্ট	পলিগনামবার্বাটাম
২৪	লজ্জাবতী	মিমোসা পুডিকা
২৫	কমনরিড, একোরা	ফ্রাগমিটেসকারকা
২৬	চালমুগরা	হায়ডনোকারপুসকুরজিল
২৭	হরতকী	টারমিনালাইসেবুলা
২৮	গামার	মেলিনারবরিয়া

২৯	কদম	অ্যানথকফালাসকাদম্বা
৩০	জাম	এনজেনিয়াজাম্বস
৩১	চাম	আরটোকারপুসছাপলাসা
৩২	ঘোড়া নিম	মেলিয়াজেডারাস
৩৩	রেইন ট্রি	সামানেআসামান
৩৪	পিং	সাইলোমেট্রাপলিয়ান্ড্রা
৩৫	মরই	
৩৬	ছাতিম	আলস্টনিয়াসকলারিস
৩৭	কাশ	সাচামপসেরাম
৩৮	খাগরা	সাক্কমস্পন্টারকাম
৩৯	রেমা	দাইসানোলায়েনা ম্যাক্সিমা
৪০	খড়	ইমপেরেটারনডিনাসিয়া

বেলাইপুর যৌথ বন ব্যবস্থাপনা কমিটি
হাইলাকান্দি বন বিভাগ, এসএসি বন চক্র

ক্ষুদ্র পরিকল্পনা
(২০১৬-১৭ থেকে ২০২৬-২৭ পর্যন্ত)

সূচীপত্র

অধ্যায়	শিরোনাম	পৃষ্ঠা নং
	অংশ - I	
১	ভূমিকা	
২	এলাকার সাধারণ বিবরণ	
৩	গ্রামের আর্থ-সামাজিক এবং জে এফ এম সি রেখাচিত্র	
৪	জীবিকার সম্পদ সংক্রান্ত রেখাচিত্র এবং প্রতিকূলতার পরিপ্রেক্ষিত	
৫	বর্তমান পরিকল্পনা এবং কর্মসূচিসমূহ	
	অংশ - II	
৬	ক্ষুদ্র পরিকল্পনার উদ্দেশ্যসমূহ, সবলতা, দুর্বলতা, সুযোগ এবং শংকা এবং ব্যবলধান বিশ্লেষণ	
৭	গ্রামোন্নয়ন পরিকল্পনা	
৮	জীবিকা উন্নয়ন পরিকল্পনা	
৯	বন উন্নয়ন পরিকল্পনা	
১০	রণনীতিসমূহের রূপায়ণ, সমকালীন বিবরণ এবং বাজেট	
	অংশ - III	
	সারণি, মানচিত্র এবং পরিশিষ্ট	

বেলাইপুর যৌথ বন ব্যবস্থাপনা কমিটি
হাইলাকান্দি বন বিভাগ, এসএসি বন চক্র

ক্ষুদ্র-পরিকল্পনা
(২০১৬-১৭ থেকে ২০২৬-২৭ পর্যন্ত)

অধ্যায়— I

১. ভূমিকা

১.১ প্রকল্প সম্পর্কে

অসম বন এবং জৈব সংরক্ষণ প্রকল্প (এপিএফবিসি)-এর মূল লক্ষ্য হচ্ছে বহুমুখী সুসংহত পরিকল্পনা এবং নির্দিষ্ট এলাকার বনের উপর নির্ভরশীল মানুষকে যুক্ত করে অসমে বনজ সম্পদ এবং জৈব বৈচিত্রের সংরক্ষণের পদক্ষেপ গ্রহণের মাধ্যমে বনজ এবং অবনজ সম্পদ ব্যবহার করে তাদের জীবিকা এবং জীবনধারার পরিবর্তন সাধন। প্রকল্পটির মূল উদ্দেশ্য বর্ণনা করা হয়েছে এভাবে, 'একটি এলাকার বনজ সম্পদের উপর নির্ভরশীল জনগোষ্ঠীর সহযোগিতায় বনজ পরিবেশ সংরক্ষণ এবং তাদের আর্থসামাজিক অবস্থার উন্নয়নের উদ্দেশ্যে বন সংরক্ষণ এবং জৈব বৈচিত্র্যের সম্ভাব্য ব্যবহার নিশ্চিত করা। উপরোক্ত প্রকল্পটি মূলত রূপায়ণ করা হচ্ছে এজেন্সি ফ্রাঁসে দ্য ডেভেলপমেন্ট (এএফডি) অর্থাৎ ফ্রেঞ্চ ডেভেলপমেন্ট এজেন্সির আর্থিক সহায়তায়। সঙ্গে আর্থিক সহযোগী হিসাবে রয়েছে অসম সরকার। এই প্রকল্পের পরিকল্পনা, রূপায়ণ, সহযোগিতা এবং বাস্তবায়নের সার্বিক দায়িত্ব থাকবে দ্য আসাম প্রজেক্ট অন ফরেস্ট অ্যান্ড বায়োডায়ভার্সিটি কনজার্ভেশন সোসাইটি (এপিএফবিসি সোসাইটি)-র উপর।

১.২ ক্ষুদ্র প্রকল্প এবং জীবিকার উন্নয়ন

বাজারের সম্ভাবনার উপর ভিত্তি করে মূল্য সংযুক্তির মাধ্যমে জীবিকার উন্নয়নের উদ্দেশ্যে বর্তমান প্রকল্পটিতে উদ্যোক্তাদের পশিক্ষণ, সামগী উন্নতকরণ এবং বিপণনের সুযোগ সুবিধা ইত্যাদির উপর জোর দেওয়া হবে। জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে বনজ সম্পদের উপর অত্যধিক চাপের সঙ্গে সংগতি রেখে এর প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। তাই বাজারের দাবি অনুযায়ী বর্তমান বনজ সম্পদ এবং জৈব বৈচিত্রকে আরও যথার্থভাবে কাজে লাগানোর উপর জোর দেওয়া দরকার হয়ে ওঠেছে। তার পাশাপাশি বনজ সম্পদের উপর নির্ভরশীল নয় তেমন জীবনধারার উন্নয়নের পদক্ষেপ নেওয়াটাও জরুরি, প্রশিক্ষণের মাধ্যমে মেধা বৃদ্ধি করে। উক্ত প্রকল্পের অন্তর্গত ক্ষুদ্র পরিকল্পনা এবং জীবিকা উন্নয়ন কর্মসূচিগুলোর যথার্থ রূপায়ণের উদ্দেশ্যে একটি যৌথ গোষ্ঠী তৈরি করা হয়েছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব এন্ট্রেপ্রেনারশিপ (আইআইই) গুয়াহাটি, রাষ্ট্রীয় গ্রামীণ বিকাশ নিধি (আরজিভিএন) এবং সেন্টার ফর মাইক্রো ফাইনান্স অ্যান্ড লাইভলিহুড (সিএমএল) সংস্থাগুলোকে নিয়ে। এই সংগঠনটির নাম দেওয়া হয়েছে ক্ষুদ্র পরিকল্পনা এবং জীবিকার সুযোগ বৃদ্ধির জন্য গঠিত মহাজোট (কনসাল্টিং সার্ভিস ফর মাইক্রো প্লানিং এনহ্যান্সিং লাইভলিহুড অপরচুনিটিজক্স, সংক্ষেপে কম্পেলো। প্রকল্পটির নির্দেশনা অনুযায়ী এই ক্ষুদ্র পরিকল্পনায় রয়েছে বিভিন্ন ধরনের গ্রামোন্নয়ন এবং বন উন্নয়ন, বনের উপর নির্ভরশীল জনগোষ্ঠীর জীবিকা উন্নয়নে সুদুরপ্রসারী পরিকল্পনা গ্রহণ। এর অন্তর্গত রয়েছে বন উন্নয়ন এবং জীবিকা উন্নয়ন।

১.৩ বেলাইপুর জেএফএমসির জন্য ক্ষুদ্র পরিকল্পনা

অসমের হাইলাকান্দি জেলার অন্তর্গত বেলাইপুর জেএফএমসির জন্য ক্ষুদ্র প্রকল্পের তথ্য এখানে দেওয়া হল। এই জেএফএমসি রয়েছে দক্ষিণ অসম বন সার্কলের অন্তর্গত হাইলাকান্দি বন বিভাগের মধ্যে। পরবর্তী অংশে এই জনগোষ্ঠীর বিস্তৃত পরিচিতি দেওয়া হয়েছে।

২. এলাকার সাধারণ বিবরণ

২.১ সাধারণ বিবরণ

হাইলাকান্দি বন বিভাগ অবস্থিত নিম্ন অসম জোনের অন্তর্গত দক্ষিণ অসম সার্কেলের মধ্যে। হাইলাকান্দি জেলার মধ্যেই এই বিভাগটির সীমানা সীমাবদ্ধ। এর মোট ভৌগোলিক এলাকা হচ্ছে ১৩২৭ বর্গ কিলোমিটার। হাইলাকান্দি জেলার সঙ্গে রেল এবং সড়ক পথে যথার্থ যোগাযোগ ব্যবস্থা রয়েছে। জেলাটির প্রবেশপথে রয়েছে পাঁচগ্রাম। পাঁচগ্রামের মাধ্যমেই দেশের অন্যান্য অংশের সঙ্গে সম্পর্ক রক্ষা করে চলেছে জেলাটি। পাঁচগ্রাম হয়ে চলে গেছে জাতীয় সড়ক নং ৫৪। জেলাটির সঙ্গে রেল যোগাযোগ রক্ষা করা হচ্ছে পাঁচগ্রামের মাধ্যমে বদরপুর জংশন (করিমগঞ্জের অন্তর্গত) এবং শিলচর জংশন (কাছাড় জেলার অন্তর্গত) এর সঙ্গে। রেলের একটি শাখা চলে গেছে পাঁচগ্রাম থেকে ভৈরবী (মিজোরামের সঙ্গে আন্তঃরাজ্য সীমানায়) পর্যন্ত। জেলার পশ্চিম সীমান্তে রয়েছে দক্ষিণ থেকে উত্তরে বিস্তৃত লুসাই পাহাড়ের পরিবর্ধিত অংশ। গুটগুটি জলধারা থেকে ছাতাচূড়া শিখর পর্যন্ত খাড়া উঠে গেছে ভূমি। এই পর্বত শিখরের উচ্চতা হল ৬০০ মিটার। ছাতাচূড়া শিখর থেকে চারদিকে ভূমির বিস্তার ঘটেছে এবং তার উত্তরাংশ এসে বদরপুরের কাছে এসে শেষ হয়েছে। পূর্বদিকে লুসাই পাহাড়ের বিস্তার ঘটে নেমে এসে স্পর্শ করেছে হাইলাকান্দি, কাছাড় এবং মিজোরামে যৌথ সীমানায়। সেখান থেকে পাহাড় ঢালু হয়ে ১০০ মিটার অব্দি নীচে নেমে প্রবেশ করেছে এলাকার চা বাগানগুলোতে। লুসাই পাহাড় থেকে উৎপত্তি হয়েছে ধলেশ্বরী নদী। ধলেশ্বরী থেকে উত্তরমখী প্রবাহে বেশ কয়েকটি শাখা বরিয়েছে, সেগুলো হচ্ছে ঝালনাছড়া, পালাইছড়া, কুকিছড়া, রূপছড়া ইত্যাদি। পরে তা রূপছড়ার পাশ থেকে মানুষের তৈরি নদী কাটাখালে রূপান্তরিত হয়েছে।

জেলাটির সমতলভূমিতে অনেকগুলো পরিত্যক্ত জলধারা রয়েছে যেগুলো বর্ষাকালে পরিপূর্ণ হয়ে মূল নদীগুলোর সঙ্গে সংযাগ স্থাপন করে। এ ছাড়া রয়েছে অনেক বিল এবং বৃহৎ জলাশয় যার অধিকাংশই রয়েছে জেলার উত্তরাদিকে ২৪°৩০' অক্ষাংশে। তার ঠিক উল্টোদিকে অর্থাৎ দক্ষিণাঞ্চলের ভূপৃষ্ঠ ক্রমশ উঁচু পার্বত্য এলাকায় পর্যবসিত হয়ে ছাতাচূড়া শিখরে এসে মিশেছে।

২.২ এলাকা

সমগ্র বিভাগটি অবস্থিত ৯২°২৫' পূর্ব থেকে ৯২°৪৬' পূর্ব দ্রাঘিমাংশ এবং ২৪°৮' উত্তর থেকে ২৪°৫৩'উত্তর অক্ষাংশ পর্যন্ত এবং সর্বোচ্চ উচ্চতা হচ্ছে ২১মিটার (৬৮.৮ ফুট)। উত্তর এবং পূর্ব সীমান্তে রয়েছে কাছাড় জেলা এবং পশ্চিমে করিমগঞ্জ জেলা। দক্ষিণে রয়েছে মিজোরামের সঙ্গে আন্তঃরাজ্য সীমানা। হাইলাকান্দি হচ্ছে জেলা সদর এবং বন বিভাগের কার্যালয়। জেলা সদর হাইলাকান্দি ছাড়া জেলার অন্যান্য উল্লেখেযোগ্য জনবসতি এলাকাগুলো হচ্ছে পাঁচগ্রাম, লালাবাজার, কাটলিছড়া, কুকিছড়া এবং ঘাড়মুরা বাজার। পাঁচগ্রাম হচ্ছে একটি শিল্পাঞ্চল যেখানে রয়েছে কাছাড় কাগজ কল (ভারত সরকারের সংস্থা হিন্দুস্থান পেপার কর্পোরেশন লিমিটেড-এর একটি ইউনিট)।

(পরিশিষ্ট I-এলাকার ম্যাপচ পরিশিষ্ট II-জেএফএমসির রাস্তা)

২.৩ মৃত্তিকা

জেলার মধ্যবর্তী কেন্দ্রীয় ভূমি সমতল হলেও পূর্বাঞ্চল এবং পশ্চিম সীমান্তে টিলাভূমির প্রাধান্য এবং দক্ষিণে অপেক্ষাকৃত উঁচু পার্বত্য এলাকা পরিবেষ্টিত। সমগ্র বরাক উপত্যকার পরিপ্রেক্ষিতে হাইলাকান্দির ভৌগলিক পরিস্থিতি হচ্ছে উত্তর-দক্ষিণ সংকুচিত। এর কারণ হচ্ছে সমগ্র সুরমা উপত্যকার মৌসুমী বায়ুর প্রভাব এই অঞ্চলকে উত্তর-দক্ষিণে সংকুচিত করেছে। এই চাপের ফলেই ভূপৃষ্ঠে যত্রতত্র টিলাভূমির পাশাপাশি সমতলভূমি পরিলক্ষিত হয়। উপত্যকায় প্রাপ্ত সবচেয়ে পুরোনো মৃত্তিকা হচ্ছে বরাইল পাহাড়ের বেলে পাথর। সুরমা উপত্যকার নিম্নাঞ্চলে রয়েছে মালভুমি। এই পাহাড়গুলো ঘন জঙ্গলে আবৃত। এর ফলে তা চা-পাতা উৎপাদনের উপযোগী নয়। ভূপৃষ্ঠের স্তরগুলো বেলে পাথর এবং স্তরীভূত শিলার সমাবেশে গঠিত। সুরমা উপত্যকার উজান এলাকার ভূপৃষ্ঠে অপেক্ষাকৃত নরম বেলেপাথর এবং বালির প্রাবল্য দেখা যায়। এর ফলে এই এলাকা অপেক্ষাকৃত অসমান। শীর্ষ ভূপৃষ্ঠ নির্মাণে অপেক্ষাকৃত শক্ত টিপামের উপস্থিতির ফলেই সুরমা উপত্যকার এই এলাকায় গড়ে উঠেছে চা-শিল্প। উপত্যকায় অতিরিক্ত ভূমিধ্বস প্রতিহত করতে প্রয়োজনীয় ভূমি এবং জল সংরক্ষণ ব্যবস্থা গ্রহণের উপর জোর দিয়েছেন বিশেষজ্ঞরা। তবে ভূমিধসের প্রক্রিয়া এই উপত্যকায় অত্যন্ত ধীর গতিতে সম্পন্ন হওয়ার ফলেই উপত্যকায় বসবাসকারী মানুষ কিছুটা স্বস্তির নিশ্বাস ফেলতে পারছেন। এই শতাব্দীর প্রথমদিকে এই এলাকার ভূপ্রকৃতি নিয়ে গবেষণা চালিয়ে পি ইভানস বলেছেন, ভূমিক্ষয় সংক্রান্ত বিষয়ে বলতে হলে এই এলাকার ভূগর্ভ এক্ষেত্রে যথেষ্ট ক্রিয়াশীল ।

২.৪ জলবায়ু

এই এলাকাটি উপ-গ্রীষ্মমণ্ডলীয় মৌসুমীবায়ুর অন্তর্গত এবং বার্ষিক বৃষ্টিপাতের পরিমাণ হল ২৫০০-৩৩০০ মিলিমিটার। অর্থাৎ বার্ষিক গড় বৃষ্টিপাত ৩০০০মিলিমিটার এবং তার ৮০-৮৫ শতাংশ বৃষ্টিপাত হয়ে থাকে এপ্রিল/মে-সেপ্টেম্বর-অক্টোবর মাসের মধ্যে। সাধারণত ডিসেম্বর-জানুয়ারি হচ্ছে শুষ্কতম মাস। গ্রীষ্মকালে সর্বোচ্চ এবং ন্যূনতম তাপমাত্রা যথাক্রমে ৩৫° এবং ২৬° সেন্টিগ্রেড। শীতকালে সর্বোচ্চ এবং ন্যূনতম তাপমাত্রা যথাক্রমে ২৫° এবং ১১° সেন্টিগ্রেড। বর্ষাকালে এই জেলা বন্যার কবলে পড়ে।

২.৫ জল

লঙ্গাই এবং শিংলা নদী এবং তার শাখানদী সমূহ ছাড়াও বরাক নদীর উত্তর পারের বিভিন্ন শাখা-প্রশাখা খাল ইত্যাদি হচ্ছে পানীয় জলের উৎস। গ্রামাঞ্চলের মানুষ এইসব খাল এবং শাখানদী ছাড়াও নলকূপ, কুয়ো ইত্যাদি থেকে পানীয় জল সংগ্রহ করে থাকেন। সাধারনত জেলার জলস্তর অনেকটা উপরে থাকে এবং সমতলে মাটির ২-৩ মিটার তলাতেই জলের সন্ধান পাওয়া যায়। শীতকালে জলস্তর নেমে যায় ভূমি থেকে ৬ থেকে ১০ মিটার তলা পর্যন্ত। পাহাড় অঞ্চলে ব্যাপক বনধ্বংসের ফলে জলের সঙ্গে প্রচুর পরিমাণে কাদামাটি, বালি ইত্যাদি নেমে আসে সমতলে। শীতকালে অধিকাংশ জলের উৎসই শুকিয়ে যায়।

২.৬ পরিবেশতন্ত্র এবং জৈব বৈচিত্র্য

কাঠ, বাঁশ, বেত, পাথর, বালি হচ্ছে এই বিভাগটির মূল বনজ সম্পদ। এই বনাঞ্চলে বিভিন্ন ধরনের মূল্যবান কাঠ পাওয়া যায়, যেমন, টিক, সুন্দি, গামারি ইত্যাদি। প্রচুর পরিমাণে বাঁশ উৎপন্ন হয় যা পাশাপাশি এলাকার কাগজ কলে পাঠানো হয়। এখানে কিছু বিশেষ ধরণের স্থানীয় বনজ সম্পদ উৎপন্ন হয়। এই বিভাগের মালভূমির বনাঞ্চলে উৎপন্ন হয় গামারি, চাম, গুর্জান, মরিচা-সুন্দি, তিল-সুন্দি, হেরুহতিয়া, পমা, গান্দ্রই, কুরতা, করই ইত্যাদি। এছাড়াও অপেক্ষাকৃত কম উচ্চতায় উৎপন্ন হয় প্রচুর পরিমাণে তুলো, কদম, জাম, আওয়াল, কুরতা, নাগেশ্বর, চালতা, বনাক, হরিতকী, পিং ইত্যাদি। পার্বত্য এলাকার সঙ্গে সমতলভূমির সংযোগস্থলে উৎপন্ন হয় অনেক জলজ উদ্ভিদ। এই সমস্ত অঞ্চলে উৎপন্ন হয় তারা, একোরা, নল, খাগরা ছাড়াও জারুল, পারলি ইত্যাদি। এই বিভাগটির বনাঞ্চলে অন্তত নয় প্রজাতির বাঁশ উৎপন্ন হয়ে থাকে। ব্যপক হারে জুম চাষ করায় কোনো কোনো অঞ্চলে প্রচুর পরিমাণে বাঁশের চারা এবং অন্যান্য সামগ্রী উৎপন্ন হয়। বেতের চারটি প্রজাতি এখানে পাওয়া যায়। সেগুলো হচ্ছে গল্লা, মনা, জালিয়াদ এবং সুন্দি। বেত উৎপাদনের এলাকাগুলো অপেক্ষাকৃত কম এবং প্রত্যন্ত অঞ্চলে থাকায় বেতের বাণিজ্যিকীকরণের ক্ষেত্রে যথার্থ অগ্রগতি সম্ভব হচ্ছে না। বেত উৎপাদন এবং বিপণনের বিষয়ে কার্যকরী পদক্ষেপের কথা বিভিন্ন সময় চিন্তা করা হলেও তা কার্যকর না হওয়ায় বেত উৎপাদন শিল্প এখনো অবৈধভাবে চলছে এবং তা কিছুতেই প্রতিহত করা সম্ভব হচ্ছে না। যথার্থ সংরক্ষণের পদক্ষেপ গ্রহণ না করলে এই বনাঞ্চলে বেতের উৎপাদন সম্পূর্ণ বন্ধ হয়ে যাবে বলে আশঙ্কা করা হচ্ছে। বিভিন্ন প্রজাতির উদ্ভিদের মত এই বন্যাঞ্চলে অনেক বন্য জন্তুও পাওয়া যায়, যেমন বাঘ, হাতি, ভালুক, কাঠবিড়াল, হরিণ, হায়না, বুনো শুয়োর, বিভিন্ন প্রজাতির কচ্ছপ, ভারতীয় অজগর, কোবরা ইত্যাদি। হাইলাকান্দি বনবিভাগের অন্তর্গত দুটি সংরক্ষিত বনাঞ্চল হচ্ছে ইনারলাইন রিজার্ভ ফরেস্ট এবং কাটাখাল রিজার্ভ ফরেস্ট। এর মোট বিস্তৃতি হচ্ছে ৭৪১.১৫১ বর্গ কিলোমিটার।

সারণি নং ১: হাইলাকান্দি বন বিভাগের অন্তর্গত সংরক্ষিত বনাঞ্চলের তালিকা

বিভাগের নাম	সংরক্ষিত বনাঞ্চলের নাম	মোট নথিভুক্ত এলাকা (হেক্টর)
হাইলাকান্দি	ইনার লাইন	৩৯৮৪৯.৪৫
	কাটাখাল	১৩৯৮৬.২৯
	মোট	**৫৩৮৩৫.৭৪**

২.৭ বনাঞ্চলের প্রকার

এই সংরক্ষিত বনাঞ্চলে দুই ধরনের বনাঞ্চল রয়েছে-

১। কাছাড় গ্রীষ্ম মণ্ডলীয় চিরহরি বনাঞ্চল

২। কাছাড় গ্রীষ্ম মণ্ডলীয় অর্ধচিরহরিৎ বনাঞ্চল

কাছাড় গ্রীষ্ম মণ্ডলীয় চিরহরি বনাঞ্চলের অবস্থান হচ্ছে বিভাগটির উত্তর এবং পূর্বাঞ্চলের ঢালু অঞ্চল যা কৃষিকাজের উপযোগী নয়। এছাড়াও নদী তীরবর্তী পাথুরে এবং ছায়াময় এলাকাও এর অন্তর্ভুক্ত। অধিকাংশ এলাকা হচ্ছে পাহাড়ের ঢালু অঞ্চলে। এই ধরনের বনাঞ্চলের দুটো প্রধান উপকরণ হচ্ছে ডিপটেরোকারপাসটারবাইনাটাস এবং পালাকুইয়ামপলিয়ানথাম। সংরক্ষিত বনাঞ্চলে ব্যাপক হারে জুম চাষের ফলে এর চরিত্রের পরিবর্তন ঘটছে দ্রুত। পাহাড় চূড়া থেকে নেমে আসা ঢালু এলাকা হচ্ছে কাছাড় গ্রীষ্ম মণ্ডলীয় অর্ধচিরহরিৎ বনাঞ্চল তৈরির উপযুক্ত অঞ্চল। এই এলাকার দুটো প্রধান বৈশিষ্ট হচ্ছে আর্টোকারথপ্রাসছাথপ্রাসা এবং ডিপটেরোকারপাসটারবাইনাটাস। কিন্তু এই ধরনের অবস্থার দ্রুত পরিবর্তন ঘটে এখানে বাঁশ জাতীয় উদ্ভিদ উৎপাদনের স্থানে পরিণত হয়। এছাড়াও কিছু এলাকা শুধু জুম চাষের জন্য ব্যবহৃত হওয়ায় এর সম্ভাবনা সংকুচিত হয়ে এসেছে।

২.৮ জৈব বৈচিত্র্য সংরক্ষণের চিন্তাভাবনা

■ জ্বালানি কাঠ হিসাবে ব্যবহারের জন্য ব্যাপকহারে বনধ্বংস এবং মানুষের অতিরিক্ত অত্যাচারের ফলে এই বনাঞ্চলের অনেক উদ্ভিদের চরিত্রগত পরিবর্তন ঘটে চলেছে। অবৈধভাবে মানুষের বসতি স্থাপন, পার্বত্য এলাকায় ব্যাপক জুমচাষ, সমতলে চাষবাস, পানজুম এবং গাছ কাটার ফলে সারা বনাঞ্চল জুড়ে বনধ্বংসযজ্ঞ অব্যাহত রয়েছে। এর ফলস্বরূপ স্বকীয়তা হারিয়ে অনেক মূল্যবান বনজ সামগ্রীর উৎপাদন কমে যাচ্ছে যা অত্যন্ত চিন্তার কারণ।

■ অবৈধভাবে বনাঞ্চল দখল এবং আধিয়ার ব্যবস্থা প্রতিহত করার কোনো পদক্ষেপ না থাকায় দ্রুতগতিতে হারিয়ে যাচ্ছে সংরক্ষিত বনাঞ্চল। এলাকার আইনগতভাবে বসবাসকারী গ্রামবাসীরাই এই বেদখলের কাজে জড়িত রয়েছে। সময়ের সাথে সাথে এই পরিবারগুলোও বড় হচ্ছে। ইতিপূর্বে এই পরিবারগুলো তাদের থপ্রয়োজনে অতিরিক্ত জমির জন্য আবেদন করত। যা নির্দিষ্ট সরকারি নিয়মনীতি পালনের পর অনুমতি দেওয়া হত। কিন্তু বন (সংরক্ষণ) আইন ১৯৮০ কার্যকর হওয়ার পর এই নিয়মটিও বন্ধ হয়ে যায়। ফলত গ্রামবাসীরা টিলার পর টিলা বেদখল করে তা চাষের কাজে ব্যবহার করতে শুরু করে।

■ রিয়াং শরণার্থী সমস্যা ঃ হাইলাকান্দি জেলার দক্ষিণ সীমান্তে রয়েছে মিজোরাম সীমান্ত যা মূলত খ্রিস্টান ধর্মীয় অধিবাসীদের বাসস্থান। প্রায় শতাব্দীকাল আগে এই রাজ্যের অধিবাসীরা খ্রিস্টধর্মে ধর্মান্তরিত হয়। এই ধর্মান্তরকরণের ফলে অঞ্চলটির সামাজিক চরিত্রেও পরিবর্তনের সূত্রপাত ঘটে। বিভিন্ন জাতিগোষ্ঠীর মধ্যে সাম্প্রদায়িক সংঘর্ষের সৃষ্টি হয়, যেমন খ্রিস্টান উপজাতি এবং অখ্রিস্টান হিন্দু উপজাতিদের মধ্যে। অতীতের এই সাম্প্রদায়িক অসহিষ্ণুতার উল্লেখ রয়েছে পি এন ভট্টাচার্যের প্রকল্পে। অতীতেও রিয়াং এবং মিজো জাতিগোষ্ঠীর মধ্যে অনেক ছোট এবং বড় আকারের সংঘর্ষের ঘটনা ঘটে গেছে।

■ ১৯৯৭ সালের ডিসেম্বর মাসের সংঘর্ষের পর প্রায় ৬৬টি (প্রত্যক্ষদর্শীদের মতে এই সংখ্যা প্রায় দুশো) রিয়াং পরিবার পালিয়ে এসে সংরক্ষিত বনাঞ্চলটির অন্তর্গত মুকাম এবং ভৈরবী উন্নয়ন খণ্ডে আশ্রয় গ্রহণ করে। উল্লেখ্য, ইতিপূর্বেই এই এলাকাটি ছিল রিয়াং জনবসতিপূর্ণ। তাই নতুন করে এই অঞ্চলে মিজোরাম থেকে রিয়াংদের অনুথপ্রবেশ বন্ধ করার পদক্ষেপ না নিলে সমগ্র মুকাম এবং ভৈরবী এলাকা অদূর ভবিষ্যতে জবরদখলকারীদের হাতে চলে যাবে তাতে কোনো সন্দেহ নেই। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সেসময় এব্যাপারে উপযুক্ত পদক্ষেপ নিতে পারেনি। শীঘ্রই এই শরণার্থীদের নিজস্ব বাসভূমিতে ফিরিয়ে পাঠানো উচিত। (দ্রষ্টব্য ঃ ডব্লিউপি ১৯৯৯-২০১০)। দ্রুতগতিতে ধ্বংসের মুখ থেকে এই বনাঞ্চলের উদ্ভিদ এবং বন্যপ্রাণী প্রজাতিগুলো রক্ষায় প্রয়োজনীয় সংরক্ষণ তথা ব্যবস্থাপনার পদক্ষেপ নেওয়া জরুরি। বর্তমানে এই বনাঞ্চল বাঁচিয়ে রাখার ক্ষেত্রে বড় চ্যালেঞ্জের সম্মুখীন হতে হচ্ছে। ইতিমধ্যেই বনাঞ্চলটির বেশ কিছু প্রজাতি নিশ্চিহ্ন হয়ে যাওয়ার পথে। বিশেষত বৃক্ষ প্রজাতিদের রক্ষা করতে অনতিবিলম্বে জরুরি পদক্ষেপ গ্রহণ করা উচিত।

৩. গ্রামের আর্থসামাজিক এবং জেএফএমসির পরিচয়

৩.১ মূল তথ্য

বেলাইপুর জেএফএমসি মাটিজুরি রেঞ্জের অন্তর্গত। এটা হাইলাকান্দি জেলার বনাঞ্চলের অন্তর্গত একটি গ্রাম। হাইলাকান্দি বন বিভাগ দ্বারা এই জেএফএমসি নথিভুক্ত করা হয় ২০০৫ সালের জুন মাসে (রেজিস্ট্রেশন সার্টিফিকেটের পরিশিষ্ট III অনুযায়ী)। এই বনাঞ্চল-অন্তর্ভুক্ত গ্রামটি রয়েছে ইনারলাইন সংরক্ষিত বনাঞ্চলে।

সারণি-এক ঃ জেএফএমসির জরুরি তথ্য

জেএফএমসির নাম	বেলাইপুর
বনাঞ্চলের অন্তর্ভুক্ত গ্রামের নাম	বেলাইপুর
গ্রাম পঞ্চায়েত/ভিসিডিসির নাম	ধলছড়া-বেলাইপুর
রাজস্ব চক্র	লালা
জেলা	হাইলাকান্দি
বন বিভাগ	হাইলাকান্দি
ফরেস্ট রেঞ্জ	মাটিজুরি
ফরেস্ট বিট	বেলাইপুর
তৈরির বছর	২০০৫
রেজিসট্রেশন নং	এসএসি/এইচকেডি/০৪/৬-৬-০৫
জেএফএমসির সীমানার বিবরণ	নিম্নপ্রদত্ত অনুযায়ী উত্তরে ঃ লালপাইনি দক্ষিণে ঃ আরালি পশ্চিমে ঃ প্রতাপপুর পূর্বে ঃ ভাইরেনটি

সূত্র ঃ জেএফএমসি রেকর্ড এবং জুন ২০১৬তে পিআরএ চলাকালীন আলোচনা

৩.২ কার্যবাহী কমিটির সংক্ষিপ্ত তথ্য

নিম্নপ্রদত্ত সারণিতে জেএফএমসির কর্মসমিতি এবং সাধারণ সমিতির সংক্ষিপ্ত তথ্য প্রদান করা হল। (পরিশিষ্ট IV- তালিকা, পরিশিষ্ট V- জেএফএমসি সদস্যদের যৌথছবি)

সারণি-খ ঃ কার্যবাহী কমিটির সংক্ষিপ্ত তথ্য

নাম	বয়স	ঠিকানা	শিক্ষাগত যোগ্যতা	পদ
শ্রীমতী ক্ষিতীশ দাস	৫৭	প্রযত্নে- ইন্দ্রমণি দাস গ্রাম- বেলাইপুর পো-প্রতাপপুর জেলা-হাইলাকান্দি	অষ্টম শ্রেণি	সভাপতি
শ্রী খুল্লাক্পা সিংহ	৫৮	প্রযত্নে-প্রয়াত ওয়াই	বিএ পাশ	এফআর-১, সদস্যসচিব
শ্রী তরণী পাল	৫৭	তরঙ্গ পাল পো-প্রতাপপুর গ্রাম- বেলাইপুর জেলা-হাইলাকান্দি	সপ্তম শ্রেণি	সদস্য
শ্রী ধীরেন কালিন্দ্রি	৫৯	প্রযত্নে-তরণী কালিন্দ্রি গ্রাম- বেলাইপুর পো-প্রতাপপুর জেলা-হাইলাকান্দি	চতুর্থ শ্রেণি	সদস্য
শ্রীমতি নিয়তি দাস	৩৭	স্বামী-সন্তোষ দাস গ্রম- বেলাইপুর পো-প্রতাপপুর জেলা-হাইলাকান্দি	নরম শ্রেণি	সদস্য
শ্রী কুলেশ দাস		প্রযত্নে-কুমুদ দাস গ্রাম- বেলাইপুর পো-প্রতাপপুর জেলা-হাইলাকান্দি	পঞ্চম শ্রেণি	সদস্য
শ্রী চঞ্চল দাস	৩৬	প্রযত্নে-ইন্দ্রমণি দাস গ্রাম- বেলাইপুর পো-প্রতাপপুর জেলা-হাইলাকান্দি	ষষ্ঠ শ্রেণি	সদস্য
শ্রী কাঞ্চন দাস	৩৭	প্রযত্নে-প্রয়াত কৃষ্ণমোহন দাস গ্রাম- বেলাইপুর পো-প্রতাপপুর জেলা-হাইলাকান্দি	সপ্তম শ্রেণি	সদস্য
মিলন্তি দাস	৪৫	স্বামী-করুণ দাস গ্রাম- বেলাইপুর পো-প্রতাপপুর জেলা-হাইলাকান্দি	সপ্তম শ্রেণি	সদস্য
লক্ষী দাস	২৮	স্বামী-সঞ্জয় দাস	ষষ্ঠ শ্রেণি	সদস্য

তথ্য ঃ জেএফএমসি রেকর্ড

৩.৩ পরিবার এবং জনসংখ্যার বিন্যাস

গ্রামটিতে মোট ২০২টি পরিবার রয়েছে, তারমধ্যে ১৬৩টি পরিবারের অবস্থান হচ্ছে দারিদ্রসীমার নীচে (বিপিএল)।

সারণি-গ ঃ জনসংখ্যাগত তথ্য

জনবিন্যাস				
জাতি / সম্প্রদায়	**পরিবার**	**পুরুষ**	**মহিলা**	**মোট**
সাধারণ	৮	১৬	১২	২৮
ওবিসি (OBC)	৪০	১১৪	৮৬	২০০
তফশিলি জাতি (SC)	৬৪	১৬৮	১৪৭	৩১৪
তফশিলি উপজাতি (ST)	৯০	২১০	২০৩	৪১৩
সংখ্যালঘু				
অন্যান্য				
মোট	**২০২**	**৫০৭**	**৪৪৮**	**৯৫৫**

মোট জনসংখ্যা হচ্ছে ৯৫৫, তারমধ্যে ৫০৭জন পুরুষ এবং বাকিরা মহিলা সদস্য। জনসংখ্যার অন্তর্গত ৩১৪জন তফশিলি জাতি (SC)র, ৪১৩জন তফশিলি উপজাতি, ২০০জন অন্যান্য অনুন্নত সম্প্রদায়ের এবং ২৮জন সাধারণ জাতিগোষ্ঠীর সদস্য।

(১) প্রতিটি পরিবারে গড় সদস্য সংখ্যা ৫জন।

(২) গ্রামটিতে লিঙ্গের আনুপাতিক হিসাব হচ্ছে প্রতি ১০০০ পুরুষের বিপরীতে মহিলার সংখ্যা ৮৮৩জন।

সারণি-ঘ ঃ বয়সভিত্তিক শ্রেণিবিভাগ

বয়স এবং লিঙ্গ বিভাজন					
বয়স শ্রেণি	**৫ বছর**	**৫-১৮ বছর**	**১৮-৪৫ বছর**	**৪৫-৬০ বছর**	**>৬০ বছর**
পুরুষ	৪৫	৬৫	২২৫	১৩০	৪২
মহিলা	৪০	৬২	১৭৫	১২০	৫১
মোট	**৮৫**	**১২৭**	**৪০০**	**২৫০**	**৯৩**

৩.৪ শিক্ষা এবং দক্ষতা উন্নয়ন

নিম্ন প্রদত্ত সারণি ঙ-তে জেএফএমসির শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত তথ্য প্রদান করা হল
সারণি- ঙ ঃ শিক্ষাগত যোগ্যতা

শিক্ষাগত যোগ্যতা								
বয়স শ্রেণি	**কেজি/ নার্সারি**	**চতুর্থ শ্রেণি পর্যন্ত**	**পঞ্চম-সপ্তম শ্রেণি**	**অষ্টম-নবম শ্রেণি**	**দশম-দ্বাদশ শ্রেণি**	**স্নাতক**	**স্নাতকোত্তর**	**অশিক্ষিত**
<২৫ বছর	১০৫	১৬২	১৭১	৫৪	২৩	১	০	৫৯
>২৫ বছর	৭২	১০৭	৯৭	২৬	৭	১	০	৭০
মোট	**১৭৭**	**২৬৯**	**২৬৮**	**৮০**	**৩০**	**২**	**০**	**১২৯**

জনসংখ্যার ৮৬ শতাংশের বেশি লোক শিক্ষিত। তবে অধিকাংশের শিক্ষার মান স্কুল স্তর পর্যন্ত।
জীবিকার জন্য প্রয়োজনীয় দক্ষতা আহরণ করা হয় বিভিন্ন ভাবে- প্রথাগত এবং অপ্রথাগত। জেএফএমসি এলাকায় অপ্রথাগত দক্ষতার অর্থ হচ্ছে ঐতিহ্যগতভাবে দক্ষতা আহরণ। নিম্নপ্রদত্ত জীবিকাগুলোতে মানুষের ঐতিহ্যগত দক্ষতা রয়েছে ঃ

(ক) কৃষিকাজ

(খ) বয়ন শিল্প

(গ) বাঁশ বেতের শিল্প

(ঘ) কাঠমিস্ত্রি

৩.৫ জমি ব্যবহারের ধরণ

জনগণ মূলত কৃষিকাজ এবং পশুপালনের উপর নির্ভরশীল।
গ্রামে জমি ব্যবহারের নমুনা নিম্নে প্রদত্ত হল ঃ

চাষের জমি	ঃ	১১৮ হেক্টর
উদ্ভিদ আচ্ছাদিত	ঃ	১৭২ হেক্টর
বসতি স্থাপন	ঃ	২৮ হেক্টর
জলাভূমি	ঃ	৫ হেক্টর
পতিত ভূমি	ঃ	৭৫ হেক্টর জবরদখলকারীদের দখলে

৩.৬ জনবসতির নমুনা

জমি ব্যবহারকারীদের তথ্য অনুযায়ী জনবসতির নমুনা নিম্নরূপ ঃ

- ৪৫ হল প্রান্তিক চাষি (২ হেক্টর থেকে কম)
- ৩৮৩ হল ক্ষুদ্র চাষি (২-১০ হেক্টর), এবং
- ১৫ হল সম্পন্ন চাষি (১০ হেক্টর)

৩.৭ গৃহপালিত পশু

গ্রামের মোট গৃহপালিত পশুর সংখ্যা হল ১৮৭৮। গ্রামবাসীদের পালিত পশুর মধ্যে প্রধানত রয়েছে ঃ

সারণি - চ ঃ গৃহপালিত পশুর বিস্তৃত তথ্য

গৃহপালিত পশুর সংখ্যা		
ক্রমিক নং	**পশু**	**সংখ্যা**
১	গরু	২১৮
২	বলদ	৩১২
৩	হাঁস-মুরগি	১৩৪৮



৩.৮ গ্রামের পরিকাঠামো ও যোগাযোগ ব্যবস্থা

যেকোনো জনবসতিতে; বর্তমান প্রাথমিক পরিকাঠামোর উপরই নির্ভর করে জীবিকা নির্বাহের উন্নয়নের বিষয়টি। বর্তমানে গ্রামের পরিকাঠামো ব্যবস্থা আশানুরূপ নয়। গ্রামের পরিকাঠামো ব্যবস্থার বিবরণ নীচে দেওয়া হল।

সারণি- জঃ বর্তমান পরিকাঠামো

ক্রমিক নং	পরিকাঠামো	স্থান	সংখ্যা (যদি প্রযোজ্য হয়)	দুরত্ব	মন্তব্য
১	প্রধান সড়ক	ভিতরে			
২	বাস স্ট্যান্ড	বাইরে		১৮ কি মি	দুয়ারবন্দ
৩	প্রাথমিক স্কুল	ভিতরে	২		
৪	মাধ্যমিক স্কুল	ভিতরে	১		
৫	হাইস্কুল (বেসরকারি)	ভিতরে	১		
৬	হায়ার সেকেন্ডারি স্কুল	বাইরে		৩৩ কি মি	লালা
৭	কলেজ	বাইরে		৩৩ কি মি	লালা
৮	বিদ্যুৎ	ভিতরে			দূর্বল
৯	প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র	ভিতরে	১		
১০	রান্নার গ্যাস	ভিতরে			
১১	যানবাহন	ভিতরে			টেম্পো, ক্রুইজার
১২	ডাকঘর	বাইরে	২ কি মি		প্রতাপপুর
১৩	ব্যাংক	বাইরে	২৫ কি মি		আইরংমারা
১৪	পানীয় জলের ব্যবস্থা	নলকূপ	৮		
১৫	অঙ্গনওয়াড়ি কেন্দ্র	ভিতরে	৩		
১৬	গ্রাম পঞ্চায়েত কার্যালয়	বাইরে			ধলছড়া বেলিয়াপুর জি পি
১৭	রাজস্ব চক্র কার্যালয়	বাইরে	৩৫ কিমি		লালা
১৮	থানা	ভিতরে	১		পুলিশ ফাঁড়ি
১৯	বনবিভাগের বিট অফিস	ভিতরে	১		
২০	বন বিভাগের রেঞ্জ অফিস	বাইরে	৩৭ কিমি		মাটিজুরি
২১	জেলা সদর	বাইরে	৪১ কিমি		হাইলাকান্দি
২২	বিদ্যুৎ সংযোগ যুক্ত ঘর	ভিতরে	১২০		
২৩	মন্দির	ভিতরে	৬		
২৪	গির্জা				
২৫	নামঘর				
২৬	মসজিদ				

উপরোক্ত সারণি থেকে গ্রামটির পরিকাঠামোগত অবস্থান সম্পর্কে নিম্নপ্রদত্ত তথ্য পাওয়া যাচ্ছে ঃ

পরিষেবামূলক পরিকাঠামো ঃ এখানকার বাসিন্দারা চলাচলের উপযোগী রাস্তা, জল সরবরাহ এবং মোবাইল নেটওয়ার্কের মত জরুরি পরিষেবা থেকেবঞ্চিত রয়েছেন।
শিক্ষা এবং স্বাস্থ্য পরিষেবা ঃ এখানে শিক্ষা এবং স্বাস্থ্য পরিষেবা অত্যন্ত সীমিত। গ্রামটিতে একটি মাত্র স্বাস্থ্যকেন্দ্র রয়েছে। দুটো প্রাথমিক স্কুল থাকলেও সেগুলোতে স্থায়ী শিক্ষক নেই।
সরকারি কার্যালয় ঃ সরকারি কার্যালয়সমূহ (গ্রাম পঞ্চায়েত কার্যালয়, রাজস্বচক্র কার্যালয়) অনেকটা দূরে অবস্থিত, যার ফলে গ্রাম বা আশেপাশের এলাকা থেকে সময়মত যানবাহনের অভাবে গ্রামবাসীরা সবসময় কার্যালয়গুলোতে পৌঁছতে পারেন না।
আর্থিক সংস্থা ঃ ব্যাংক এবং পোস্ট অফিসের মত আর্থিক লেনদেনের সংথাগুলো বাসস্থান থেকে এনেক দূরে থাকায় গ্রামবাসীরা যথেষ্ট অসুবিধার সম্মুখীন হন। এর ফলে অনেক গ্রামবাসীরই ব্যাংক বা পোস্টাফিসে অ্যাকাউন্ট নেই।

৩.৯ কৃষি / কৃষিজাত সামগ্রী

অধিকাংশ পরিবারই ধান উৎপাদনের সঙ্গে জড়িত।
খারিফ শস্য ঃ ধান
অধিকাংশ শস্যই বৃষ্টির জলের উপর নির্ভরশীল।
বেশিরভাগ পরিবারের জীবিকা হচ্ছে ধান উৎপাদন।
এই শস্য উৎপাদনের পরিমান এবং অনুপাত নিম্নরূপ ঃ
(ক) ধান ঃ উৎপাদন ঃ ৪৭২০ কুইন্টাল। অনুপাত ঃ ৪০ কুইন্টাল/হেক্টর প্রতি

৩.১০ পশুখাদ্য

পাশাপাশি জঙ্গলের উপর নির্ভরশীল গ্রামবাসীরা। গ্রামে পশুখাদ্যের প্রধান উৎসগুলো হচ্ছে ঃ
(ক) জঙ্গল
(খ) পাশাপাশি এলাকা

৩.১১ বাজার

এলাকার বাসিন্দারা এই বাজারগুলো প্রধানত ব্যবহার করেন ঃ
(ক) গালামাল ঃ বেলাইপুর
(খ) সাপ্তাহিক বাজার ঃ বেলাইপুর
(গ) প্রধান বাজার ঃ দোয়ারবন্দ বাজার ১৬ কিলোমিটার দূরে।

৩.১২ জল সম্পদ

প্রধান জলের উৎসগুলো হচ্ছে ঃ
(ক) নলকূপ ঃ ১২টি (জলের লভ্যতা ঃ সারাবছর)
(খ) জলসরবরাহ ঃ ২ (জলের লভ্যতা ঃ সারাবছর)

৩.১৩ শক্তির ব্যবহার

গ্রামের প্রধান শক্তির উৎসগুলো নিম্নে প্রদত্ত হল।
(ক) জ্বালানি কাঠ ঃ পরিবার নির্ভরশীল ঃ ২০২টি। উৎস ঃ জঙ্গল
(খ) বিদ্যুৎ ঃ উৎস ঃ স্থানীয়

৩.১৪ আর্থ-সামাজিক পরিস্থিতি

সামাজিক অবস্থান ঃ গ্রামবাসীরা অধিকাংশই বাঙালি সম্প্রদায়ের। তাদের মধ্যে জাতিপ্রথা রয়েছে। মোট জনসংখ্যা তফশিলি জাতি, তফশিলি উপজাতি, অন্যান্য অনুন্নত জাতি এবং কিছু সাধারণ জাতির পরিবারের সমন্নয়।

অর্থনৈতিক অবস্থা ঃ অর্থনৈতিক অবস্থা আশাব্যঞ্জক নয়। অধিকাংশ গ্রামবাসীই কৃষিজীবী এবং দিনমজুর। খুব বেশি সংখ্যক তরুণ জীবিকা বা অন্য উদ্দেশ্যে বাইরে যায়নি।

৪. জীবিকার সম্পদের তথ্যাবলী এবং দুর্বলতার দিকগুলি

এই অধ্যায়টিতে দেখানো হয়েছে জীবিকা অর্জনের সামগ্রী এবং বর্তমানে গ্রামে সেগুলোর লভ্যতা নিয়ে। লভ্যতা সম্পর্কিত তথ্যও বর্ণনা করা হয়েছে।

৪.১ জীবিকার সম্পদগুলির বিশ্লেষণ

কার্যকরী জীবিকানির্বহের পরিকাঠামো (সাসটেইনেবল লাইভলিহুড ফ্রেইমওয়ার্ক সংক্ষেপে এসএফএল) অনুযায়ী, মূলত জীবিকানির্বাহের পাঁচটি প্রধান উপকরণ রয়েছে, সেগুলো হচ্ছে মানব সম্পদ, আর্থিক মূলধন, সামাজিক মূলধন, প্রাকৃতিক মূলধন এবং পরিকাঠামোগত মূলধন যা গ্রামবাসীদের জীবিকার উন্নয়নে প্রয়োজনীয়।

মানব সম্পদ
বেলাইপুর বন এলাকা অন্তর্গত গ্রামের মোট জনসংখ্যা হল ৯৫৫জন, তারমধ্যে শিক্ষিতের হার ৮৬ শতাংশ।

গ্রামবাসীদের মধ্যে ৬৮.০৬ শতাংশের বয়স কাজ করার বয়ঃসীমার মধ্যে (১৮-৬০ বছর), অর্থাৎ গ্রামটিতে মানব সম্পদের অভাব নেই। ঐত্যিগত মেধা রয়েছে বয়ন শিল্প (বিশেষত মহিলাদের মধ্যে), বাঁশ-বেত শিল্প এবং কাঠমিস্ত্রি ইত্যাদি। প্রায় ১৪৫জন কৃষক সহ এই মানব সম্পদের কর্মক্ষমতা মধ্যম থেকে উঁচু স্তরের। মোট ৩০১ জন দিনমজুরের মধ্যে পুরুষের সংখ্যা ২৫৬জন এবং বাকিরা মহিলা। অসম সরকারের পুলিশ বিভাগে কর্মরত ১৬জন। সংশ্লিষ্ট ক্ষেত্রগুলিতে যথার্থ প্রশিক্ষণের প্রয়োজনীয়তা রয়েছে।

প্রতিষ্ঠানিক মূলধন

গ্রামের স্কুল, সড়ক, ব্যাংক, পোস্ট অফিস ইত্যাদি বর্তমানে উপস্থিত এবং অনুপস্থিত পরিকাঠামোর ভিত্তিতে গ্রামের পরিকাঠামোগত পুঁজির হিসাব প্রস্তুত করা হয়েছে। গ্রামের এলাকার মধ্যে কোনো ব্যাংক বা পোস্ট অফিস নেই যা অবশ্যই ভাবনার বিষয়। গ্রামে দুটো প্রাথমিক বিদ্যলয় থাকলেও স্থায়ী শিক্ষকের অভাবে ধুঁকছে। একটি বেসরকারি হাইস্কুল রয়েছে যদিও তাতে পড়ানোর খরচ বহনে অধিকাংশ গ্রামবাসীই অক্ষম। বাইরের স্কুলে পাঠিয়ে ছেলেমেয়েদের পড়ানোও তাদের দ্বারা সম্ভব হচ্ছেনা। স্বাস্থ্যরক্ষার ক্ষেত্রে গ্রামে শুধু একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র রয়েছে।

প্রাকৃতিক মূলধন

গ্রামটিতে প্রাকৃতিক পুঁজির অভাব নেই। প্রায় সমস্ত গ্রামবাসীর মধ্যে সমানুপাতিক হারে রয়েছে ভাল কৃষিযোগ্য ভূমি। এখানে ভূমিহীন কৃষক নেই। এই ভূমিতে চাষ করে প্রাপ্ত শষ্য পরিবারগুলোর জন্য যথেষ্ট বলা যায়। সমস্ত কৃষিজীবী পরিবার ধান উৎপাদন করে থাকে। এছাড়াও বাড়িসংলগ্ন জমিতে তারা শাকসবজি উৎপাদন করে। গ্রাম ঘিরে থাকা বনানীতে ভিভিন্ন ধরণের গাছপালা এবং উদ্ভিদ রয়েছে। সেখান থেকে তারা জ্বালানী কাঠ, ওষধি বৃক্ষ এবং ঘাস ইত্যাদি পেয়ে থাকে।

সামাজিক মূলধন

বেলাইপুর গ্রামের বাসিন্দারা সবাই হিন্দু সম্প্রদায়ভুক্ত। সামাজিক পুঁজির কথা বলতে গেলে এখানে রয়েছে ছয়টি মন্দির। মহিলাদের ক্ষমতায়নের দিকে লক্ষ্য রেখে এখানে ৪টি সর্বসহায়তা গোষ্ঠী তৈরি করা হয়েছে। মাতৃ এবং শিশুদের স্বাস্থরক্ষার উদ্দেশ্যে এখানে রয়েছে তিনটি অঙ্গনওয়াড়ি কেন্দ্র।

আর্থিক মূলধন

গ্রামের অর্থনৈতিক বুনিয়াদ ততটা শক্ত নয়। গ্রাম এলাকার মধ্যে কোনো ব্যাংক, পোস্ট অফিস বা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান নেই। গ্রামের ৩৫০ জন সদস্যের ব্যাংক অ্যাকাউন্ট থাকলেও সেগুলো চালাতে তাদের অনেক দূরে যেতে হয়। গ্রামটিতে একটি ব্যাংকের শাখা স্থাপন অত্যন্ত জরুরি।

৪.২ জীবিকা সম্পদের পঞ্চভুজ

জীবিকানির্বাহের মূল পাঁচটি উপকরণের ভিত্তিতে এই গ্রামে এক পাঁচকৌনিক পর্যালোচনা করা হয়েছে। এই পর্যালোচনা অনুযায়ী দেখা গেছে গ্রামটির বাসীন্দাদের জীবিকানির্বাহের জন্য এই পাঁচটি উপকরণের বর্তমান উপস্থিতির মধ্যে অনেক খামতি রয়েছে যা উপযুক্ত পদক্ষেপ গ্রহণের মাধ্যমে পূরণ করতে হবে। এই পদক্ষেপগুলো উল্লেখ করা হয়েছে গ্রামোন্নয়ন প্রকল্প এবং জীবিকা উন্নয়ন প্রকল্পে।

৪.৩ দুর্বলতার পরিপ্রেক্ষিতগুলি বিশ্লেষণ

বেলাইপুর বন বিভাগের অন্তর্গত গ্রামটির বিভিন্ন গুরুত্বপূর্ণ সমস্যা রয়েছে। তারমধ্যে উল্লেখযোগ্য হচ্ছে ম্যালেরিয়া। এই মারণরোগটি দেখা দেয় বিশেষত মে থেকে জুলাই মাসের মধ্যে। অন্য একটি সমস্যার নাম হল আমাশয় রোগ, এপ্রিল থেকে আগস্ট মাসের মধ্যে যার প্রাদুর্ভাব দেখা দেয়। তৃতীয় হচ্ছে এপ্রিল থেকে জুন মাসের মধ্যে বন্যার সমস্যা। এছাড়াও মার্চ থেকে মে মাসের সময়টায় সাইক্লোন এবং প্রবল ঝড়ের কবলে পড়ে প্রাণহানি এবং সম্পত্তির ব্যাপক ক্ষয়ক্ষতি হয়ে থাকে।

৪.৪ ঋতু অনুযায়ি কৃষির দিনপঞ্জি

ঋতুভেদে উৎপাদিত কৃষিজাত সামগ্রী উৎপাদনের তথ্য তৈরি করা হয়েছে বাস্তব পৰিস্থিতির ভিত্তিতে। এই তথ্যপঞ্জীতে বিভিন্ন সষ্য উৎপাদনের সময়সীমার কথা বলা হয়েছে।

ফেব্রুয়ারি থেকে জুলাই পর্যন্ত উৎপাদন করা হয়ে থাকে আউস ধান এবং শালি ধানের উৎপাদনকাল হচ্ছে আগস্ট থেকে ডিসেম্বর মাস। সেপ্টেম্বর থেকে ডিসেম্বরে কপির চাষও হয়ে থাকে।

বেলাইপুর জেএফএমসির কৃষি দিনপঞ্জি

মাস	জানু	ফেব্রু	মার্চ	এপ্রিল	মে	জুন	জুলাই	আগস্ট	সেপ্টে	অক্টো	নভে	ডিসে
শস্য								শালি ধান				
		আউস ধান										
শাকসব্জি									কবি			
সম্ভাব্য			বন্যা									
সমস্যা												

৫. বর্তমান পরিকল্পনা এবং কর্মসূচি

এই অধ্যায়ে আলোচনা করা হয়েছে কিছু উল্লেখযোগ্য প্রকল্পের সঙ্গে জরুরি সংযোগ এবং সেগুলোর প্রয়োগ যার সঙ্গে ক্ষুদ্র প্রকল্পের গভীর সম্পর্ক রয়েছে। সেগুলোর মধ্যে অন্যতম হল সম্ভাব্য উন্নয়ন এবং রাজ্যের বন এবং বন্যজন্তু সংরক্ষণ সংক্রান্ত সর্বস্তরের কার্যকরী পরিকল্পনা। বন্যজন্তুর ক্ষেত্রে এই পরিকল্পনাকে বলা হয় বাস্তবায়ন পরিচালনা প্রকল্প এবং ব্যাঘ্র অভয়ারণ্যে ব্যাঘ্র সংরক্ষণ প্রকল্প। এছাড়াও রয়েছে অন্যান্য প্রকল্পসমূহ, যেমন তফশিলি উপজাতি উপ প্রকল্প (টিএসপি), এবং তফশিলি জাতি সংক্রান্ত প্রকল্প (এসসিপি), যা বন বিভাগ দ্বারা বন বিভাগের অন্তর্গত গ্রামগুলোর উন্নয়নে গ্রহণ করা হয়। তার মধ্যে বিভিন্ন বিষয় রয়েছে, যেমন স্বাস্থ্য, শিক্ষা, বিদ্যুৎ, জলসেচ এবং জীবিকা সংক্রান্ত বিভাগীয় পরিষেবা। এই বিভাগগুলো অনেক সময় বন বিভাগের অন্তর্গত গ্রামগুলোতে প্রকল্প রূপায়ণ করে থাকে।

অসমে ১৯৯৮ সালে অসম যৌথ (জনগণের যোগদান) বন ব্যবস্থাপনা আইন প্রযোজ্য হওয়ার পর যৌথভাবে বন পরিচালন সংক্রান্ত পরিকল্পনা কার্যকর হয় এবং ২০০২ সালে গঠিত হয় জেএফএমসি এবং ইডিসি। তার আগেই যৌথ বন পরিচালনা প্রসঙ্গে কিছু কার্যকরী পরিকল্পনা হাতে নেওয়া হয় এবং জেএফএম সার্কেল তৈরি করা হয়। জাতীয় কর্ম পরিকল্পনা কোড, ২০১৪তে ক্ষুদ্র পরিকল্পনার উপর গুরুত্ব দেওয়া হয়েছে এবং সেই উদ্দেশ্যে কার্যকরী কর্ম পরিকল্পনার ছক তৈরি করা হয়েছে। ক্ষুদ্র প্রকল্পের ভিত্তিই হল জাতীয় কর্ম পরিকল্পনা কোড, জাতীয় কর্ম পরিকল্পনা কোড, ২০১৪তে।

৫.১ কর্ম পরিকল্পনার সঙ্গে সম্পর্ক

হাইলাকান্দি বন বিভাগটি তৈরি করা হয় জাতীয় কর্ম পরিকল্পনা কোড, ১৯৯২ সালে। তার আগে এই এলাকার কাজকর্ম চলত কাছাড় এবং করিমগঞ্জ বন বিভাগের মাধ্যমে। কাটাখাল সংরক্ষিত বনাঞ্চলে তৈরি হয়েছে জেএফএমসি। এম কে যাদব গৃহীত হাইলাকান্দি বন বিভাগের পরিকল্পনা অনুযায়ী (১৯৯৮-৯৯ থেকে ২০০৯-২০১০) তা গঠিত হয়। এটা হচ্ছে বিভাগের সাম্প্রতিকতম কর্ম প্রকল্প। এই প্রকল্প অনুযায়ী সমগ্র বন বিভাগীয় গ্রাম জেলা এবং পার্শ্ববর্তী জবরদখল করা এলাকাগুলোসহ এনার্জি প্লান্টেশন ওয়ার্কিং সার্কেল (ইপিডব্লিউসি) এর আওতাভুক্ত করা হয়েছে।

এই প্রকল্প অনুযায়ী এলাকাটির বনজ সামগ্রীর অন্তর্ভুক্ত হল শিমূল, এরিথ্রিনা, ডিল্লেনিয়া, মাগিফেরা, আঝার ইত্যাদি। এলাকার একাং টিলাভূমি যাতে উৎপাদনের বাইরে রাখা হয়েছে। তবে এই এলাকাগুলোর কিছু স্থানও বনজ বাঁশ উৎপাদনস্থল হিসাবে পরিগণিত। প্রকল্পে কিছু প্রজাতির গাছ উৎপাদনের প্রস্তাব রাখা হয়েছে, সেগুলো হচ্ছে মাল্লটাস আলবা, আইলান্থাস এক্সেস, অ্যাকাসিয়া, অ্যান্থসেফালাস কদম্ব ইত্যাদি, বিশেষত জ্বালানি হিসাবে ব্যবহারের জন্য।

এছাড়াও প্রকল্পে খালি থাকা স্থানগুলোতে বনজ কৃষিজাত সামগ্রী উৎপাদনের লক্ষ্যে বাঁধ, ফার্ম, পথপার্শ্ব এবং সীমানা উন্নয়নের প্রস্তাব করা হয়েছে এবং এতে কম সময়ে বেড়ে ওঠা সামগ্রী উৎপাদনের প্রস্তাব রয়েছে। এই ধরনের বনানীকরণে উৎপাদনের সময়সীমা ধরা হয়েছে দশ বছর। দশ বছর পর এই এলাকায় সম্ভাব্য উৎপাদন নির্ধারণ করা হয়েছে হেক্টর প্রতি ২৭৫ কিউবিক মিটার।

যোগদান ঃ ইপিডব্লিউসি এলাকায় নিম্ন প্রদত্ত কর্মসূচি রূপায়ণের প্রস্তাব রাখা হয়েছে ঃ

- দ্রুত বৃদ্ধিযোগ্য উদ্ভিদ রোপণ
- বনজকৃষি উৎপাদনের সম্ভাব্য উদ্যোগ
- দ্রুত বর্ধনশীল উদ্ভিদের চারা উৎপাদনে বিভাগীয় অথবা ব্যক্তিগত উদ্যোগে গ্রহণের প্রস্তাব
- স্থানীয়ভাবে গাছ কাটার ব্যবস্থা গ্রহণ
- বৃহৎ বৃক্ষ রোপণ পরিহার
- গাছ কাটার অনুমতিপত্র প্রদান করতে পারেন বন সংরক্ষক
- এলাকায় বেড়ে ওঠা গাছের ব্যক্তিগত মালিকানা থাকবে না। উৎপাদিত সামগ্রী ব্যবস্থাপনার দায়িত্ব থাকবে
- ১৯৯৮ সালে অসম যৌথ (জনগণের যোগদান) বন ব্যবস্থাপনা আইন ১৯৯৮ এর প্রস্তাব অনুযায়ী।
- বছরে ৩৯০ হেক্টর বনানীকরণের লক্ষ্য।

অন্যান্য কর্মপ্রকল্প চক্র

এই কর্ম প্রকল্পে অন্যান্য সংশ্লিষ্ট কর্মপ্রকল্প রূপায়ণের ব্যবস্থা রয়েছে যেমন, কাঠ বহির্ভূত বনজ সামগ্রী সংক্রান্ত কর্ম চক্র (এনডব্লিউএফপিঅডব্লিউসি) এবং বাঁশ ভিত্তিক কর্ম চক্র (বিঅডব্লিউসি)। এছাড়াও আরো কিছু সংগঠন তৈরির প্রস্তাব রয়েছে সেগুলো হচ্ছে ক্সক্সবন সুরক্ষা এবং পুনর্নির্মাণ কমিটি তৈরি এবং বন বিভাগীয় গ্রাম পরিচালনা। এই প্রস্তাবগুলো থেকে যে নির্যাস পাওয়া যাচ্ছে সেগুলো হল ঃ

১ কমিটিগুলোর মাধ্যমে সমস্ত কাজ সম্পন্ন করা
২ জলচ্ছেদ পরিচালনার উদ্দেশ্যে সুসংহত জলচ্ছেদ পরিচালনা (আইডব্লিউএম) গোষ্ঠী গঠন করা
৩ বাঁশ জোগানের জন্য শ্রমিক সমবায় তৈরি করা
৪ বন বিভাগীয় গ্রামের নথি এবং জমাবন্দি নথি যথাযথ রাখা
৫ প্রতি পাঁচ বছরে বন বিভাগীয় গ্রামগুলোর জনগণনা অনুষ্ঠিত করাছ জনগণনার পাশাপাশি পশু গণনা এবং মানুষের আর্থ সামাজিক অবস্থা নথিভুক্ত করতে হবে

অতিরিক্ত প্রস্তাব

কর্ম পরিকল্পনায় জলচ্ছেদ ভিত্তিক কুঠুরি নির্মাণের প্রস্তাব করা হয়েছে। জলচ্ছেদগুলো প্রধানতঃ রয়েছে গণ্ডাইছড়া, লালছড়া, কুকীছড়া এলাকায়। অধিকাংশ জলচ্ছেদের অবস্থা বর্তমানে শোচনীয়। প্রশাসনিক প্রস্তাব অনুযায়ী জলচ্ছেদে সংক্রান্ত বিষয়টি দায়িত্বের অন্তর্ভুক্ত।

৫.২ বন বিভাগের অতীত পদক্ষেপসমূহ ঃ

২০০৬-০৭ থেকে ২০১৩-২০১৪ পর্যন্ত জাতীয় ব্যাম্বো মিশন দ্বারা বৃক্ষরোপণের কাজ সম্পন্ন করা হয়। একই সময়ে এনবিএম দুর্বল বাঁশ উন্নতকরণ প্রকল্প হাতে নেয়। ২০১৫-১৬ সালে এপিএফবিসির উদ্যোগে হাইলাকান্দির দশটি জেএফএমসিতে জ্বালানিকাঠের উৎপাদন পদক্ষেপ গ্রহণ করা হয় যার তথ্য নিম্নে দেওয়া হল।

বন বিভাগের প্রকল্প সমূহ

NBM Plantation									NBM Imp. of degreded bamboo						Total	APFBC(FW)	SMPB	G.Total	Name of JRMC
06-07	07-08	08-09	09-10	10-11	12-13	12-13	13-14	Total	06-07	07-08	08-09	09-10	13-14	Total	NBM	15-16	15-16	Phy.(Ha)	
10	15	10		11			10	56	10	10		20		40	96	20		261	N. Bagbahar
10	15	10	20	12			10	77	20	10		20		50	127	20		302	O. Bagbahar
5	5			12		20	10	52			40	20	20	80	132	20	15	309	Protappur
10	10	10	20	12		50	10	122			36	20	20	76	198	30		328	Dhalcherra
5							10	15					20	20	35	20		180	Borthal
5	5			12		10	10	42	20	10		20	20	70	112	20		247	Bilaipur
5								5							5	20		250	Kacharithal
5	10							15	10	10				20	35	30		250	Nunai
10	15					30		55							55	43		169	Kukicherra
10						30	10	50	20	15			20	55	105	50		307	Baruncherra

এছাড়াও ২০১৫-১৬ সালে বন বিভাগ এপিএইচবিসি প্রকল্পের মাধ্যমে ক্ষমতায়ন এবং মেধা উন্নতকরণ প্রকল্প হাতে নেওয়া হয়।

বন এবং জৈববৈচিত্র্য সংরক্ষণ সংস্থা, অসম (এপিএফবিসি)-এর প্রকল্প পরিচালনা শাখা (পিএমইউ) দ্বারা হাইলাকান্দি বন বিভাগের অন্তর্গত জেএফএমসি স্তরে শুধু চারা তৈরি এবং উদ্যানশস্য উৎপাদন সম্পর্কিত প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করা হয় ২,০৬,৮০০ টাকা খরচ করে। ২০১৬ সালের মে মাসে হাইলাকান্দি কৃষি বিভাগ দ্বারা অই প্রশিক্ষণ শিবিরে চারটি দলের মোট ১৬৪ জন লোক প্রশিক্ষণ গ্রহণ করে।

৫.৩ অন্যান্য বিভাগের কর্মসূচি

তফশিলি উপজাতি উপ-প্রকল্প

অতীতে কেন্দ্রীয় সরকার গৃহীত তফশিলি উপজাতি উপ প্রকল্পের রূপায়ণ করা হয়। ১৬ সালে টিএসপি প্রকল্পের আওতায় নলকূপ বসানো, সড়ক সংস্কার এবং প্রাথমিক স্কুলগৃহ তৈরি করা হয়। এই কাজের জন্য খরচ করা হয় ৩,৬৮,০০০.০০ টাকা।

বন বিভাগের অন্তর্গত গ্রাম উন্নয়ন কর্মসূচি								
ক্রমিক নং	বন বিভাগের অন্তর্গত গ্রামের নাম	কাজের বিবরণ						
		সড়ক		কালভার্ট		বাজারের কক্ষ		মোট
		খরচ	কি মি	খরচ	সংখ্যা	খরচ	সংখ্যা	
	বরথল	৬.৩৬		১.২৫	১			৭.৬১
	বেলাইপুর	৬.৩৬		১.২৫	১			৭.৬১
৩	প্রতাপপুর	৬.৩৬		১.২৫	১			৭.৬১
৪	ধলছড়া তিপরাপুঞ্জ	৬.৩৬		১.২৫	১			৭.৬১
৫	লালপানি	৬.৩৬				৩.২৬	(পি)	৯.৬২
৬	ধলছড়া	৬.৩৬				৩.২৬	(পি)	৯.৬২
৭	নকসাটিলা	৬.৩৬		১.২৫	১			৭.৬১
৮	পুরনো বাগবাহার	৬.৩৬		১.২৫	১			৭.৬১
৯	নতুন বাগবাহার	৬.৩৬		১.২৫	১			৭.৬১
১০	নগাঁও	৬.৩৬	১.৭০	১.২৫	১			৭.৬১
১১	লালছড়া	৬.৩৬	১.৭০	১.২৫	১			৭.৬১
১২	কাছাড়িথল	৬.৩৬	১.৭০			৩.২৩	(পি)	৯.৩২
১৩	নুনাই	৬.৩৬	১.৭০	১.২৫	১			৭.৬১
১৪	বরুণছড়া	৬.৩৬	১.৭০	১.২৫	১			৭.৬১
১৫	ঝালনাছড়া	৬.৩৬	১.৭০	১.২৫	১			৭.৬১
১৬	কুকীছড়া	৬.৩৬	১.৭০	১.২৫	১			৭.৬১
১৭	ঘাড়মুরা	৬.৩৬	১.৭০			৩.২৬	(পি)	৯.৬২
১৮	দত্তপুর	৬.৩৬	১.৭০	১.২৫	১			৭.৬১
১৯	জেকবপুর	৬.৩৬	১.৭০	১.২৫	১			৭.৭৪
	রামনাথপুর	৬.৩৬	১.৭০	২.৫০	১			৮.৮৬
	মোট	১২৬.৯৩	৪.০০	২১.৩৮	১৬	১৩.০১	৪(পি)	১৬১.৩২

সূত্র ঃ ডিএফও কার্যালয় হাইলাকান্দি বন বিভাগ

বেলাইপুর যৌথ বন ব্যবস্থাপনা কমিটি
হাইলাকান্দি বন বিভাগ, এসএসি বন চক্র

ক্ষুদ্র-পরিকল্পনা
(২০১৬-১৭ থেকে ২০২৬-২৭ পর্যন্ত)

অংশ-২

৬. ক্ষুদ্র প্রকল্পের মূল কথা, সবলতা, দুর্বলতা, সুযোগ এবং শংকা (SWOT) এবং ব্যৱধানের বিবরণ

৬.১ ক্ষুদ্র প্রকল্পের মূল কথা

গ্রাম স্তরের ক্ষুদ্র প্রকল্প হচ্ছে একটি গ্রাম উন্নয়ন প্রকল্প এবং বন উন্নয়ন প্রকল্প, যা প্রয়োজন ভিত্তিক এবং নির্দিষ্ট এলাকাভিত্তিক এবং লভ্য সামগ্রীর উপর নির্ভরশীল। প্রকল্পগুলোর পরিসর ছোট হওয়ায় তাকে ক্ষুদ্র প্রকল্প বলা হয়। এই ক্ষুদ্র প্রকল্পে দুটো উদ্দেশ্য সাধনের লক্ষ্য রয়েছে ঃ

ক. জীবিকার সম্ভাবনা বৃদ্ধি

খ. ভারতে জৈব বৈচিত্র্য সংরক্ষণ এবং পরিবেশগত ভারসাম্য রক্ষা করা, ভারত সরকার গৃহীত যৌথ বন ব্যবস্থাপনা পদক্ষেপের অবিচ্ছিন্ন অঙ্গ হচ্ছে ক্ষুদ্র প্রকল্প। এই পরিপ্রেক্ষিতে ক্ষুদ্র প্রকল্প হচ্ছে একটি সরল নথি যা তৈরি করা হয়েছে বাসিন্দাদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে। এই ধরনের ক্ষুদ্র প্রকল্পের এক একটি শাখা হচ্ছে গ্রামের সমাজ। নথির মূল বক্তব্য হচ্ছে স্থানীয় বনজ সম্পদকে স্থানীয় প্রয়োজনে এবং বন বিভাগের পরিকল্পনা অনুযায়ী ব্যবহার করা। ২০০০ সালের জেএফএম নির্দেশনা অনুযায়ী গ্রামে প্রত্যক্ষ যোগদানের মাধ্যমে কাজ করার পর বন বিভাগের কর্মকর্তাএবং জেএফএম যৌথভাবে একটি ক্ষুদ্র প্রকল্প তৈরি করবে। বন বিভাগের কর্মসূচির সঙ্গে জেএফএমসির এই ক্ষুদ্র প্রকল্প জুড়ে দেওয়া হবে।

সমাজের পুরুষ এবং মহিলা সদস্যরা মিলে বর্তমান ক্ষুদ্র প্রকল্প তৈরি করেছেন। ২০১৬ সালের মে মাসে গ্রামের বাসিন্দাদের প্রত্যক্ষ যোগদান এবং রাষ্ট্রীয় গ্রামীণ বিকাশ নিধি (আরজিভিএন)-র সহযোগে এই কর্মসূচি কার্যকর করার মাধ্যমে তৈরি হয়েছে উল্লেখিত নথি। নিচে এর প্রতিটি পদক্ষেপ বর্ণনা করা হল ঃ

(ক) ২০১৬ সালের মে মাসে সমাজের সদস্যদের সভা অনুষ্ঠিত করে প্রকল্পের উদ্দেশ্য এবং বিষয় নিয়ে আলোচনা এবং গ্রামের সমাজ সংক্রান্ত তথ্যাদি আহরণে তাদের সহযোগিতা গ্রহণ করা হয়;

(খ) নির্দিষ্টি প্রপত্র অনুযায়ী এই বিষয়টির পরিপ্রেক্ষিতে সমাজের ভিত্তিমূলক তথ্যাদি আহরণ;

(গ) পরবর্তী পদক্ষেপ হিসাবে যৌথ আলোচনার মাধ্যমে সংগৃহীত তথ্যাদির সত্যাসত্য নিরূপণ, এবং

(ঘ) সমাজের সদস্যদের অংশগ্রহণ এবং মতামত গ্রহণের মাধ্যমে কর্মসূচির পদক্ষেপ সংক্রান্ত পন্থা নির্ণয় করা।

(ঙ) প্রকল্পের নীতি-নির্দেশনা মেনে আরজিভিএন এই ক্ষুদ্র প্রকল্প তৈরি করেছে। তৈরি করা নথি সম্পর্কিত আলোচনা অনুষ্ঠিত করার পর ২০১৬ সালের জুলাই মাসে তা কার্যকর করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৬.২ প্রয়োজনীয়তাগুলো খতিয়ে দেখা এবং ব্যবধান পর্যলোচনা

যৌথ আলোচনা, গ্রামবাসীদের প্রত্যক্ষ যোগদান, গ্রাম এবং পারিবারিক স্তরে সমীক্ষা চালানোর মাধ্যমে সম্পত্তির হিসাব নিকাশ, ক্ষমতার পরীক্ষা, জীবিকার সামগ্রীর তথানুসন্ধান, প্রয়োজনীয়তা খতিয়ে দেখা ইত্যাদির ভিত্তিতে জিএপি এবং এসডব্লিউঅটি পর্যলোচনা করা হয়েছে। এই পর্যালোচনার ভিত্তিতেই প্রাথমিকভাবে জেএফএমসির জন্য কর্মপদ্ধতি, জীবিকা, গ্রামোন্নয়ন এবং বন উন্নয়ন পরিকল্পনা সমূহ নির্ধারণ করা হয়েছে।

প্রশিক্ষণের প্রয়োজনীয়তা খতিয়ে দেখা ঃ

ক) বন এবং জৈব বৈচিত্র, উন্নয়ন প্রয়োজনীয়তা, জলবায়ুর পরিবর্তন, লিঙ্গ বিষয়ক চিন্তাভাবনা, অর্থনৈতিক ক্ষমতায়ন, ওয়াটসান-এর গুরুত্ব, মাটি এবং জল সংরক্ষণ ইত্যাদি বিষয়ে লাগাতার সচেতনতা কর্মসূচি গ্রহণের মাধ্যমে সমাজের সদস্যদের ক্ষমতা তৈরি। বন্যা সমস্যার মোকাবিলা শিক্ষার প্রয়োজন। গ্রামোন্নয়ন সংক্রান্ত কর্মপন্থার অন্তর্গত রয়েছে এই সংক্রান্ত পদ্ধতির প্রস্তাব।

খ) দক্ষতা উন্নতকরণ ঃ জীবিকা সংক্রান্ত দক্ষতার লাগাতার পরীক্ষা-নিরীক্ষা করা এবং বিশেষ প্রশিক্ষণের মাধ্যমে জীবিকা নির্বাহের উন্নতির জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির ব্যবহার এবং পদ্ধতিগুলো নিয়ে বারবার শিক্ষিত করে তেলার প্রস্তাব করা হয়েছে জীবিকা উন্নতকরণ সংক্রান্ত কর্ম পরিকল্পনায়।

ব্যবধান পর্যালোচনা

- গ্রামের মধ্যে উচ্চশিক্ষার সুযোগ নেই।
- এলাকায় ব্যাংক এবং পোস্ট অফিসের মত আর্থিক লেনদেনের সংস্থা নেই।
- কৃষিকাজে ব্যবহৃত আধুনিক যন্ত্রপাতি এবং পদ্ধতি সম্পর্কে এবং অন্যন্য জীবিকার সুযোগ-সুবিধা সম্পর্কে ধারণার অভাব।

৬.৩ সবলতা, দুর্বলতা, সুযোগ এবং শংকা (SWOT) পর্যালোচনা

সমাজের পুরুষ এবং মহিলা সদস্যদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে এসডব্লিউঅটি পর্যালোচনা সম্পন্ন করা হয়েছে।

সবলতা

ক) একক সম্প্রদায়ভুক্ত সমাজ

খ) জনসংখ্যার তুলনায় কৃষিজমির পরিমাণ বেশি

দুর্বলতা

ক) উচ্চশিক্ষার প্রতিষ্ঠানের অভাব

খ) ব্যাংকের ঋণ পাওয়ার সুবিধা থেকে বঞ্চিত হওয়া

গ) বেকার সমস্যা

সুযোগ

ক) বয়নশিল্পের প্রসার
খ) পশুপালন বৃদ্ধি
গ) কৃষির প্রসার
ঘ) শাক-সবজি ফলন

শংকা

ক) জবরদখল
খ) বন্যা

৬.৪ অংশগ্রহণমূলক গ্রামীণ মূল্যায়ন (পিআরএ) কর্মসূচি

পরিশিষ্ট সাত (ক) থেকে সাত (গ) পর্যন্ত পিআরএ ম্যাপ সন্নিবিষ্ট করা হয়েছে।
নিম্ন বর্ণিত কর্মসূচির মাধ্যমে গুয়াহাটির আরজিভিএন কর্মীরা বেলাইপুর গ্রামে পিআরএ অনুষ্ঠিত করেছেন ঃ
তারিখ ঃ ১০-৭-২০১৬ স্থান ঃ বেলাইপুর
মানুষের উপস্থিতি ঃ ৫২

উপস্থিত ছিলেন ঃ জেএফএমসির কর্মকর্তারা, গ্রাম প্রধান, সমাজের সদস্যবৃন্দ, বন বিভাগের কর্মকর্তারা। যোগদানকারীদের চিহ্নিতকরণে অবং কার্যকরী পদক্ষেপ গ্রহণের আগে গ্রাম স্তরে সচেতনতা অভিযান এবং প্রস্তুতিপর্ব চালানো হয়। সচেতনতা অভিযান এবং প্রস্তুতিপর্বে নিম্ন প্রদত্ত বিষয়গুলোর উপর গুরুত্ব দেওয়া হয়েছে ঃ

(ক) যোগদানের পরিকল্পনা
(খ) যোগদান সংক্রান্ত যন্ত্রপাতি এবং পদ্ধতি
(গ) ক্ষুদ্র প্রকল্পের গুরুত্ব এবং জেএফএমসির ভূমিকা
(ঘ) পরিবেশ সংক্রান্ত বিষয়
(ঙ) জলবায়ুর পরিবর্তন এবং জলবায়ুর বিভিন্নতা
(চ) পরিবেশের ভারসাম্য রক্ষা এবং পরিবেশ ব্যববস্থ পরিচালনা (ঐতিহ্যগত এবং বিজ্ঞানসম্মত)
(ছ) স্থায়ী জীবিকা সংক্রান্ত পরিকাঠামো
(জ) জীবিকার জন্য দরকারি সম্পত্তি এবং সামাজিক পুঁজির পয়োজনীয়তা
(ঝ) গোষ্ঠী এবং এসএইচজি তৈরি, অর্থায়ন
(ঞ) বিপণন এবং মানোন্নয়ন
(ট) উন্নয়ন কর্মসূচি অবং তার সঙ্গে পরিবেশ ও পরিবেশগত ভারসাম্যের সম্পর্ক
(ঠ) লিঙ্গভেদ দূরীকরণ প্রসঙ্গ

পর্যবেক্ষণ ঃ পিআরএ চলাকালীন আলোচনায় সমাজের সদস্যদের প্রত্যক্ষ যোগদান। এর ফলে বেরিয়ে আসা গুরুত্বপূর্ণ বিষয়সমূহ ঃ

- অর্থ এবং পরিকল্পনার অভাবে অতীতে জেএফএমসি যথার্থভাবে কাজ করতে পারেনি বলে তাদের অভিমত।
- এর আগে জেএফএমসিতে খুব কম সচেতনতামূলক সভা বা প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে।
- ক্ষুদ্র প্রকল্পের গুরুত্ব স্বীকার করে এই প্রকল্পের কাজে সহায়তার জন্য এগিয়ে এসেছেন তাঁরা।
- বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান এর আগে এসে শুধু তথ্য নিয়ে গেছে কিন্তু কোনো ধরনের উন্নয়নমূলক পদক্ষেপ গ্রহণ করেনি বলে তাদের অভিমত।
- এই প্রথমবার এপিবিএফসির মাধ্যমে এই এলজিটি এখানে এসে শুধু এলাকাবাসীর সঙ্গে মত বিনিময় এবং সচেতনতা অভিযানই চালায়নি তারা পরিবেশ এবং প্রকৃতিগত বিষয় সব বিভিন্ন উন্নয়নমূলক পদক্ষেপ গ্রহণ করেছে।
- স্থানীয় জনসাধারণের পরিবেশ, বনানীকরণ সহ বিভিন্ন জীবিকার সঙ্গে সংশ্লিষ্ট বিষয়, যেমন শয্যে পোকার আক্রমণ মোকাবিলা, পশুপালন ইতাদি বিষয়ে ঐতিহ্যগত জ্ঞান এবং শিক্ষা রয়েছে।
- জলবায়ু পরিবর্তন এবং গ্রামে কৃষির এবং স্বাস্থ্যের উপর তার প্রভাব সম্পর্কিত চিন্তাধারা নিয়ে মত বিনিময় করেন তাঁরা। এই বিষয়ে অতিরিক্ত বিজ্ঞানসম্মত বিজ্ঞতা পেতে আগ্রহী তারা।
- এলাকার পার্শ্ববর্তী বনাঞ্চল রক্ষার মাধ্যমে পরিবেশ নিয়ন্ত্রণ বিষয়টি নিয়ে সচেনতা এবং আগ্রহ লক্ষ করা গেছে এলাকাবাসীর মধ্যে এবং এক্ষেত্রে তাদের মানসিকতায় গড়ে ওঠা কর্তৃত্বের ভাব বিশেষভাবে লক্ষণীয়।

সম্প্রদায়ের প্রয়োজন মূল্যায়ন ঃ পিআরএ অনুশীলনের ওপর ভিত্তি করে, দলবদ্ধ আলোচনায় নজর, গ্রামবাসীদের সঙ্গে আলোচনা, জেএফএমসি সদস্য, বনকর্মী এবং অন্যান্য অংশীদারের সঙ্গে আলোচনা করে গ্রামোন্নয়ন পরিকল্পনা ও জীবিকা উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছিল জেএফএমসি-র জন্য। সম্প্রদায়ের প্রয়োজন মূল্যায়ন করা হয়েছিল অংশগ্রহণমূলক প্রক্রিয়ার মাধ্যমে। জনগণের প্রয়োজন শ্রেণিবদ্ধ করা হয়েছে নিম্নরূপ ঃ

১) কাঠামোগত প্রয়োজন
২) অ-কাঠামোগত প্রয়োজন

এই প্রয়োজনগুলিকে ভাগ করা যেতে পারে দীর্ঘমেয়াদি প্রয়োজন ও স্বল্পমেয়াদি প্রয়োজন অনুসারে। সম্প্রদায়ের প্রয়োজনের বিস্তারিত বিবরণ দেওয়া হয়েছে গ্রামোন্নয়ন পরিকল্পনায়। মানুষের কাঠামোগত প্রয়োজনের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষ যোগাযোগ আছে জীবিকা উন্নয়নের। এর অন্তগত পরিকাঠামোর উন্নয়ন যেমন রাস্তা, বিদ্যালয় গৃহ, স্বাস্থ্য সেবা পরিকাঠামো, পানীয় জল জোগান ব্যবস্থা, জলের ট্যাংক, বাঁধানো কুয়ো প্রভৃতি। শৌচাগার, সমবায় গৃহ এবং প্রশিক্ষণ ছাউনি, বাজার ছাউনি নির্মাণ।

মানুষের অ-কাঠামোগত প্রয়োজনের অন্তর্গত দক্ষতা প্রশিক্ষণের ব্যবস্থা, ভেটেরিনারি পরিষেবার ব্যবস্থা, স্বাস্থ্য সেবা, মোবাইল ডাক্তার দল, গ্রামের বিদ্যালয়ে শিক্ষকের প্রয়োজন, আর্থিক সংহতিতে প্রশিক্ষণ ও সচেতনতার মাধ্যমে সামর্থ্য বৃদ্ধি, স্বনির্ভরশীল গোষ্ঠী ও ক্লাস্টার গঠন, কাঁচামালের ব্যবস্থা, গ্রাম রক্ষণাবেক্ষণ ও জেএফএমসি-র জন্য উন্নয়ন তহবিল বা সমবায় তহবিল, ঐতিহ্যবাহী সামগ্রীতে মূল্য যোগ করা এবং বাজারের সংযোগ।

প্রচারমূলক ভ্রমণ শ্রেষ্ঠ অঞ্চলে যার সঙ্গে যৌথ বন পরিকল্পনা, সম্প্রদায় অংশগ্রহণমূলক প্রকল্পের স্থান, শিল্পীদের গ্রাম সংশ্লিষ্ট, এ ছাড়া রয়েছে, বাণিজ্য মেলা প্রভৃতিতে অংশগ্রহণ।

৭। গ্রামোন্নয়ন পরিকল্পনা

গ্রামোন্নয়নের জন্য দীর্ঘমেয়াদি ও স্বল্পমেয়াদি প্রয়োজন বিবেচনা করে সম্প্রদায়ের সদস্য এবং পাশাপাশি জেএফএমসি সদস্যদের সঙ্গে আলোচনা করে গ্রামোন্নয়ন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছিল। গ্রামোন্নয়নের জন্য সম্প্রদায়ের সদস্যদের প্রতিকার পরিকল্পনা নিম্নরূপ :

১) পানীয় জলের ব্যবস্থা পর্যাপ্ত নয় এবং পানীয় জলের গুণমান দীর্ঘদিন ধরেই পরীক্ষিত নয় বলে হ্যান্ডপাম্প প্রতিস্থাপন এবং স্থায়ী জল জোগান প্রকল্প গ্রামের অত্যন্ত প্রয়োজনীয়।

২) মে ও জুন মাসে গ্রামটি বন্যার প্রকোপে পড়ে যা প্রাণহানি ও শস্যহানি ঘটায়। কাংলাইনালা ও মতুয়াবিলে স্লুইস গেট নির্মাণ এই ক্ষতি আটকাতে পারে।

৩) গ্রামের কিছু অংশে বিদ্যুৎ সুবিধা আছে বাকি অংশে তা সঠিকভাবে সংযোজিত নয়। প্রতিটি পরিবারের বিদ্যুৎ সংযোগ প্রয়োজন।

৪) গ্রামে প্রাথমিক বিদ্যালয় থাকলেও শিক্ষকরা নিয়মিত নন। গ্রামের বেসরকারি উচ্চ বিদ্যালয়ে অধিকাংশ গ্রামবাসীই যেতে পারে না সামর্থ্যের অভাবে। তাই সরকারি উচ্চবিদ্যালয় নির্মাণ এবং নিয়মিত বা রেগুলার শিক্ষক নিয়োগ অত্যন্ত প্রয়োজনীয়।

৭.১ প্রারম্ভিক কর্মসূচির স্থান বিন্যাস (ইপিএ-র র‍্যাংকিং)

গ্রাম উন্নয়নের জন্য, সম্প্রদায় বেশ কয়েকটি প্রবেশবিন্দু ক্রিয়াকলাপ গ্রহণ করেছে। ইপিএ অন্তর্ভুক্ত করেছে পরিকাঠামো উন্নয়ন এবং দক্ষতা উন্নয়ন এবং উভয়ই পরস্পরের সঙ্গে সম্পর্কযুক্ত।

	গ্রাম প্রারম্ভিক কর্মসূচির স্থান বিন্যাস	বিবরণ
১)	গ্রামের রাস্তা নির্মাণ	ত্রিগঙ্গা থেকে মতুয়্যা ২ কিমিঃ
২)	সমবায়গৃহ নির্মাণ	গ্রামের ভেতর
৩)	এলপিজি সংযোগের ব্যবস্থা	সব পরিবারে
৪)	জল জোগান ব্যবস্থা	* বর্তমানের সক্রিয়তাহীন জল জোগান প্ল্যান্টের নবীকরণ। ১২টি বাঁধানো কুয়ো নির্মাণ
৫)	উচ্চ বিদ্যালয় খোলা	গ্রামের ভেতর

৭.১ বিলাইপুর জে এফ এম চির প্রারম্ভিক কার্য্যসূচীর স্থানাংক

স্থানাংক	ই পি এ	বিশদ বিবরণ	টাকা
১	কমিউনিটি হলের নির্মান টেন্ট হাউচ সহিত। (চেয়ার, টেবিল তথা জেনেরেটর যুক্ত)	কুলেশ দাস বাড়ীর তথা কালী মন্দিরের নিকট। জি পি এছ (GPS) :- N 24° 31′ 128″ E 92° 43′ 060″	১০,০০,০০০.০০ ৫০,০০০.০০ (চেয়ার তথা জেনেরেটর)
২	পথ ক) পিডব্লিউডি পথ থেকে মাটুরা পর্যন্ত ১ কিঃ মিঃ কালভার্ট সহিত।	জি পি এছ (GPS) :- শুরু N : 24° 30′ 886″ E : 92° 42′ 64.3″ শেষ N : 24° 31′ 60.5″ E : 92° 42′ 64.3″	৩,৫০,০০০.০০
	খ) পিডব্লিউডি পথ থেকে সুকুমার দাসের বাড়ী পর্যন্ত ১ কিঃ মিঃ দূরত্ব।	জি পি এছ (GPS) :- শুরু N : 24° 31′ 15.1″ E : 92° 43′ 084″ শেষ N : 24° 31′ 52.2″ E : 92° 43′ 11.4″	৩,৫০,০০০.০০
	গ) পিডব্লিউডি পথ থেকে লক্ষী রির বাড়ী পর্যন্ত ১.৫ কিঃ মিঃ দূরত্ব।	জি পি এছ (GPS) :- শুরু N : 24° 31′ 108″ E : 92° 42′ 994″ শেষ N : 24° 31′ 427″ E : 92° 42′ 926″	৪,৫০,০০০.০০
৩	কুঁয়া	৫ টা	৩,০০,০০০.০০

DIVISIONAL FOREST OFFICER
Kailashahar Division

৮। জীবিকা উন্নয়ন পরিকল্পনা

প্রান্তিক ও বনাঞ্চলের গ্রামে কার্যকরী পিআরএ অনুশীলন এবং আর্থ-সামাজিক নিরীক্ষা চলেছিল আরজিভিএন এবং জেএফএমসি সদস্যদের সাহায্য ও সমর্থনে গ্রামের জন্য ক্ষুদ্র পরিকল্পনা তৈরিতে। বিভিন্ন ইনকাম জেনারেটিং অ্যাক্টিভিটি (আইজিএ) চিহ্নিত করা হয়েছিল ফোকাস গ্রুপ ডিসকাসান ও পিআরএ-র মাধ্যমে। আয় উদ্ভাবনকারী কয়েকটি কার্যকলাপ চিহ্নিত করা হয়েছিল যেমন পিসিকালচার, সবজি খামার, পোলট্রি, ডেয়ারি ফার্মিং, এপিকালচার, মাশরুম ফার্মিং, বিকেন্দ্রিত নার্সারি, টেলারিং, ক্ষুদ্র হস্তশিল্প, পাটের কাজ, বাঁশের কাজ, মোমবাতি তৈরি, ধূপকাঠি তৈরি, আচার তৈরি প্রভৃতি। এই সামগ্রীগুলিতে পেশাদারিভাবে প্রক্রিয়াকরণ, গ্রেডিং, প্যাকিং বা বটলিং ও লেবেলিং করার পর মূল্য যোগ করা। আইজিএ-র জন্য যেসব ইনপুট, সরঞ্জাম, কাঁচামাল প্রয়োজন তা চিহ্নিত করা হয়েছে। একটি মার্কেটিং প্ল্যাটফর্ম যাকে ভ্যান বাজার বলে, প্রতিষ্ঠার জন্য প্রস্তাব করা হয়েছে জেএফএমসিযইডিসি-র সামগ্রী প্রদর্শন ও বিক্রির জন্য।

৮.১ স্থান বিন্যাস (র‍্যাংকিং)

জীবিকা ও দক্ষতা উন্নয়নের স্থান বিন্যাস

- কৃষি এবং উদ্যানশষ্য
- পশুধন
- দক্ষতা উন্নয়ন
- কাঠ ভিন্ন বনজ উৎপাদন (এনটিএফপি)
- ক্রেডিট সুবিধা

৮.২ জীবিকার সুযোগ

জীবিকার সুযোগ চিহ্নিত করা হয়েছে নিম্নরূপভাবে ঃ

১) কৃষি
২) নার্সারি
৩) কাঠের কাজ বা ছুতোর
৪) ছাগল পালন
৫) টেলারিং বা সেলাই

৮.৩ কৃষি ও উদ্যানশষ্য

প্রধান বাধাগুলি হল ঃ

(ক) সেচ সুবিধার অভাব
(খ) দুর্বল পথ সংযোগ এবং বাজার সংযোগ সুবিধা
(গ) বর্ষাকালে বন্যা এবং শীতকালে জলের অভাব।

সুযোগগুলি হল ঃ

(ক) ধানের বাণিজ্যিকীকরণ

(খ) অর্গানিক ফার্মিং

(গ) নার্সারি উন্নয়ন

(ঘ) শীতকালে সবজি চাষ

৮.৪ পশুধন

প্রধান বাধাগুলি হল ঃ

(ক) রোগ

(খ) ভেটেরিনারি সুবিধার দুর্বল অ্যাকসেস

সম্ভাবনাগুলি হল ঃ

(ক) ডেয়ারি ফার্মিং

(খ) পোলট্রি ও হাঁস

(গ) ছাগল পালন

৮.৫ কাঠ ভিন্ন বনজ উৎপাদন (এনটিএফপি)

প্রধান বাধাগুলি হল ঃ

(ক) এনটিএফপি লভ্যতার অভাব

(খ) এনটিএফপি উপযোগিতা সম্পর্কে সম্প্রদায়ের জ্ঞানের অভাব

(গ) লভ্য এনটিইপি-র দুর্বল উপযোগিতা

সুযোগগুলি হল ঃ

(ক) বাণিজ্যিক প্রক্রিয়াকরণ এবং মূল্য যোগে ফল ব্যবহার করা যেতে পারে

(খ) এনটিএফপি-র আইনি ব্যবহার এবং সংরক্ষণ সম্পর্কে সচেতনতা।

৮.৬ বিশেষ দক্ষতা

প্রধান বাধাগুলি হল ঃ

ক) ঐতিহ্যবাহী-দক্ষতা অভ্যাস

খ) আধুনিক যন্ত্রপাতি ও প্রয়োগের অ্যাকসেসের অভাব

সুযোগগুলি হল ঃ

১) নার্সারি

২) বাঁশ ও বেত

৩) ঝাড়ু

৪) কম্পিউটার প্রশিক্ষণ

৮.৭ ক্রেডিট সুবিধা

প্রধান বাধাগুলি ঃ

ক) ব্যাংকের সুবিধা নেই

খ) স্বল্পসঞ্চয় সংস্থা সম্পর্কে দুর্বল জ্ঞান

সুযোগগুলি হল ঃ

ক) বিভিন্ন সরকারি প্রকল্পের অধীনে কভারেজের ব্যবস্থা

খ) ক্ষুদ্র আর্থিক সংস্থা

৮.৮ কৌশলগত হস্তক্ষেপ

উল্লিখিত প্রস্তাবিত কর্মসূচিকে সংক্ষেপে জীবিকা উন্নয়ন পরিকল্পনার জন্য কৌশলগত হস্তক্ষেপ বলা যেতে পারে। যা নিম্নরূপ ঃ

